# পশ্চিমবঙ্গের রাষ্ট্রীয় বিদ্যালয়গুলির টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

# WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026

বিষয়

## ইতিহাস

WBGSTA

**WEST BENGAL GOVT. SCHOOL TEACHERS' ASSOCIATION**

Hare School Campus, 87 College Street, Kolkata - 700 073, W.B.

# পশ্চিমবঙ্গের রাষ্ট্রীয় বিদ্যালয়গুলির
# টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

# WBGSTA MADHYAMIK
# e-TEST PAPERS 2026

বিষয়

## ইতিহাস

Compiled & Edited by :


WBGSTA

**WEST BENGAL GOVT. SCHOOL TEACHERS' ASSOCIATION**

Hare School Campus, 87 College Street, Kolkata - 700 073, W.B.

# WBGSTA MADHYAMIK
# e-TEST PAPERS 2026

## বিষয়
## ইতিহাস

পশ্চিমবঙ্গের ঐতিহ্যবাহী রাষ্ট্রীয় বিদ্যালয়গুলির টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

**WBGSTA MADHYAMIK**
**e-TEST PAPERS 2026**

মাধ্যমিক ২০২৬ পরীক্ষার্থীদের সম্পূর্ণ বিনামূল্যে সরবরাহের জন্য প্রস্তুত করা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে সংশ্লিষ্ট রাষ্ট্রীয় বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে টেস্টের প্রশ্নপত্র সংগ্রহ করা হয়েছে। এই টেস্টের প্রশ্নপত্র সংগ্রহের কাজে সমিতির শিক্ষক-শিক্ষিকাবৃন্দ কোন ভূমিকা পালন করেননি।

প্রকাশক ঃ

পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতি
WEST BENGAL GOVT. SCHOOL TEACHERS' ASSOCIATION
Hare School Campus, 87 College Street, Kolkata - 700 073, W.B.

প্রকাশ ঃ ১৩ নভেম্বর ২০২৫

# প্রাক্‌কথন

মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতির জন্য টেস্ট পেপার-এর ভূমিকা অনস্বীকার্য। বর্তমানে বিভিন্ন প্রকাশনা সংস্থার বহু ধরনের টেস্ট পেপার থাকলেও রাজ্যের ৩৯ টি ঐতিহ্যবাহী রাষ্ট্রীয় বিদ্যালয়সমূহের অধিকাংশের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন সমন্বিত কোন টেস্ট পেপার বিরলের মধ্যে বিরলতম। রাষ্ট্রীয় বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের সুচিন্তিত ভাবনা, অভিজ্ঞতা সমৃদ্ধ প্রশ্নপত্রগুলির সংকলন এই টেস্ট পেপারের বিষয়ভিত্তিক প্রশ্নাবলী প্রতিটি মাধ্যমিক ২০২৬ পরীক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতির জন্য প্রয়োজনীয় এবং অপরিহার্য।

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ নির্দেশিত টেস্ট পরীক্ষার সময় নির্ঘন্টের শেষ দিনে প্রকাশিত WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 টেস্ট পরীক্ষার অব্যবহিত পর থেকেই পরীক্ষা প্রস্তুতির কাজে শিক্ষার্থীদের সহায়ক হয়ে উঠবে।

রাজ্যের লক্ষ লক্ষ মাধ্যমিক পরীক্ষার্থীদের স্বার্থে পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে সম্পূর্ণ বিনামূল্যে সকল পরীক্ষার্থীদের জন্য ব্যবহারযোগ্য এই ই-টেস্ট পেপার প্রকাশ করা হয়েছে। বিশেষ উল্লেখযোগ্য যে মাধ্যমিকের বিভিন্ন  বিষয়ের জন্য বিষয়ভিত্তিক আলাদা আলাদা ই- টেস্ট পেপার প্রকাশ করা হয়েছে -

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - বাংলা**

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - গণিত**

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - ভৌতবিজ্ঞান**

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - জীবনবিজ্ঞান**

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - ইতিহাস**

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 : **বিষয় - ভূগোল**

একবিংশ শতাব্দীর ডিজিটাল দুনিয়ার চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে যে কোনো স্থানে যে কোনো সময়ে ব্যবহারযোগ্য, মুদ্রণ ত্রুটিমুক্ত, অতিরিক্ত ভারবিহীন এবং একই সঙ্গে সকলে মিলে ব্যবহারের সুবিধাযুক্ত, বিনামূল্যে প্রাপ্ত WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 আগামী দিনে প্রতিটি মাধ্যমিক পরীক্ষার্থীর পরীক্ষা প্রস্তুতির জন্য একটি নির্ভরযোগ্য এবং সহায়ক ভূমিকা পালন করবে বলে পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্বাস করে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে সংশ্লিষ্ট রাষ্ট্রীয় বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে টেস্টের প্রশ্নপত্র সংগ্রহ করা হয়েছে। এই টেস্টের প্রশ্নপত্র সংগ্রহের কাজে সমিতির শিক্ষক-শিক্ষিকাবৃন্দ কোন ভূমিকা পালন করেননি।

WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026 প্রকাশে যদি অনিচ্ছাকৃত কোনো ত্রুটিবিচ্যুতি থাকে তার দায় প্রকাশকের। আগামী দিনে WBGSTA মাধ্যমিক ই-টেস্ট পেপার ২০২৬ সংক্রান্ত বিষয়ে শিক্ষক-শিক্ষিকা, পরীক্ষার্থীসহ সকলের সুচিন্তিত মতামত আমাদের সমৃদ্ধ করবে।

**ডঃ সৌগত বসু**
সাধারণ সম্পাদক
পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতি

কলকাতা, ১৩ নভেম্বর ২০২৫

| WEST BENGAL GOVT. SCHOOL TEACHERS' ASSOCIATION | | | |
|---|---|---|---|
| Hare School Campus, 87 College Street, Kolkata - 700 073, W.B. | | | |
| Alphabetical List of Traditional Govt. Schools in West Bengal | | | |
| Sl.No. | District | School | Estb. |
| 1 | Kolkata | A. P. Department, Calcutta Madrasha | 1854 |
| 2 | Kolkata | Ballygunge Govt. High School | 1972 |
| 3 | Bankura | Bankura Zilla School | 1840 |
| 4 | North 24 Pgs | Barasat P. C. S. Govt. High School | 1846 |
| 5 | North 24 Pgs | Barrackpur Govt. High School | 1837 |
| 6 | North 24 Pgs | Begum Rokeya Smriti Balika Vidyalaya | 2000 |
| 7 | Kolkata | Bethune Collegiate School | 1849 |
| 8 | Nadia | Bidhan Chandra Memorial Govt. Girls' High School | 1977 |
| 9 | North 24 Pgs | Bidhannagar Govt. High School | 1977 |
| 10 | Birbhum | Birbhum Zilla School | 1851 |
| 11 | Darjeeling | Darjeeling Govt. High School | 1892 |
| 12 | North 24 Pgs | Govt. B. C. M. School, Banipur | 1948 |
| 13 | Purulia | Govt. Girls' School Purulia | 1950 |
| 14 | Kolkata | Govt. Woodburn School | 1856 |
| 15 | Kolkata | Hare School | 1818 |
| 16 | Kolkata | Hindu School | 1817 |
| 17 | Hooghly | Hooghly Branch (Govt.) School | 1834 |
| 18 | Hooghly | Hooghly Collegiate School | 1812 |
| 19 | Howrah | Howrah Zilla School | 1845 |
| 20 | Jalpaiguri | Jalpaiguri Govt. Girls' High School | 1950 |
| 21 | Jalpaiguri | Jalpaiguri Zilla School | 1853 |
| 22 | Coochbehar | Jenkins School | 1861 |
| 23 | Kalimpong | Kalimpong Govt. High School | 1950 |
| 24 | Kolkata | Karaya Govt. School | 1903 |
| 25 | Nadia | Krishnanagar Collegiate School | 1846 |
| 26 | Nadia | Krishnanagar Govt. Girls' High School | 1948 |
| 27 | Coochbehar | Maharani Indira Devi Balika Vidyalaya | 1953 |
| 28 | Malda | Malda Zilla School | 1858 |
| 29 | Kolkata | Multipurpose Govt. Girls' School, Alipore & Junior Basic School | 1960 |
| 30 | Murshidabad | Nawab Bahadur's Institution | 1825 |
| 31 | Purulia | Purulia Zilla School | 1853 |
| 32 | Jhargram | R. B. M. Govt. Girls' High School | 1948 |
| 33 | Coochbehar | Sadar Govt. High School | 1831 |
| 34 | Kolkata | Sakhawat Memorial Govt. Girls' High School | 1911 |
| 35 | Kolkata | Sanskrit Collegiate School | 1824 |
| 36 | Darjeeling | Saradeswari Govt. Girls' High School | 1946 |
| 37 | Coochbehar | Sunity Academy | 1881 |
| 38 | North 24 Pgs | Taki Govt. High School | 1881 |
| 39 | Hooghly | Uttarpara Govt. High School | 1846 |

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

NIVEDITA BHAWAN, DJ-8, SECTOR – II, SALT LAKE, KOLKATA – 700 091

No. EMU/C/35 Date: 06.05.2025

# N O T I F I C A T I O N

It is notified for all concerned that the Madhyamik Pariksha (Secondary Examination), 2026 will be held as per the following programme.

The examination will be held in only one paper on each day from **10.45 a.m. to 2 p.m.** (First 15 minutes for reading the Question Papers only). The dates & corresponding subjects are as under:

## PROGRAMME

| *DAY* | *DATE* | *SUBJECT* |
|---|---|---|
| *MONDAY* | *2ND FEBRUARY, 2026* | *FIRST LANGUAGES ** |
| *TUESDAY* | *3RD FEBRUARY, 2026* | *SECOND LANGUAGES *** |
| *FRIDAY* | *6TH FEBRUARY, 2026* | *HISTORY* |
| *SATURDAY* | *7TH FEBRUARY, 2026* | *GEOGRAPHY* |
| *MONDAY* | *9TH FEBRUARY, 2026* | *MATHEMATICS* |
| *TUESDAY* | *10TH FEBRUARY, 2026* | *PHYSICAL SCIENCE* |
| *WEDNESDAY* | *11TH FEBRUARY, 2026* | *LIFE SCIENCE* |
| *THURSDAY* | *12TH FEBRUARY, 2026* | *OPTIONAL ELECTIVE SUBJECTS* |

- *Physical Education and Social Service* → *Will be announced later*
- *Work Education* → *Will be announced later*

*** First Languages** : *Bengali, English, Gujarati, Hindi, Modern Tibetan, Nepali, Odia, Gurumukhi (Punjabi), Telugu, Tamil, Urdu and Santali.*

***** Second languages***: *1) English, if any language other than English is offered as First Language.*
*2) Bengali or Nepali, if English is the First Language.*

*(a) Examination in Sewing and Needle Work will be of four hours fifteen minutes duration.*

*(b) Examination in Music Vocal & Music Instrumental will be of two hours fifteen minutes duration for Theoretical Portion. The venue, date and hour of the Practical Examination in these subjects (which will be held at Kolkata only) will be announced later.*

*(c) Examination on Computer Application will be of two hours forty five minutes duration on theoretical Examination. Practical Examination on this subject will be taken by individual schools.*

*(d) Examination on Vocational Subjects will be of one hour forty five minutes duration on theoretical Examination. Practical Examination on these subjects will be taken by the Sector Skill Council or individual schools.*

*The Board reserves the right to change the above scheduled date/time in case of need, with due intimation to all concerned.*

*SECRETARY*

# WBGSTA MADHYAMIK e -TEST PAPERS 2026

# বিষয় : ইতিহাস

## School - wise Question Papers

- Ballygunge Govt. High School
- Bankura Zilla School
- Barasat P. C. S. Govt. High School
- Barrackpur Govt. High School
- Begum Rokeya Smriti Balika Vidyalaya
- Bidhan Chandra Memorial Govt. Girls' High School
- Bidhannagar Govt. High School
- Birbhum Zilla School
- Govt. B. C. M. School, Banipur
- Hare School
- Hindu School
- Hooghly Branch (Govt.) School
- Hooghly Collegiate School
- Howrah Zilla School
- Jalpaiguri Zilla School
- Jenkins School
- Krishnanagar Govt. Girls' High School
- Maharani Indira Devi Balika Vidyalaya
- Multipurpose Govt. Girls' School, Alipore
- R. B. M. Govt. Girls' High School
- Sakhawat Memorial Govt. Girls' High School
- Sanskrit Collegiate School
- Uttarpara Govt. High School

# BALLYGUNGE GOVT. HIGH SCHOOL
## TEST EXAMINATION - 2025
### CLASS - X
### Subject – HISTORY

**Full Marks : 90** | **Time : 3 Hours**

---

### বিভাগ — ক

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×২০=২০

১.১ 'হিস্ট্রি অফ হিন্দু কেমিস্ট্রি' গ্রন্থের রচয়িতা —

ক) আর্যভট্ট খ) জগদীশচন্দ্র বসু

গ) বরাহমিহির ঘ) প্রফুল্ল চন্দ্র রায়

১.২ ভারতে আলুর প্রবেশ ঘটায় —

ক) ওলন্দাজরা খ) দিনেমাররা

গ) ইংরেজরা ঘ) পোর্তুগিজরা

১.৩ হিন্দু প্যাট্রিয়টের সম্পাদক ছিলেন —

ক) অক্ষয় কুমার দত্ত খ) দেবেন্দ্রনাথ ঠাকুর

গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় ঘ) কেশবচন্দ্র সেন

১.৪ 'উডের ডেসপ্যাচ' প্রকাশিত হয় —

ক) ১৮৫৭ খ্রি: খ) ১৮৫৪ খ্রি:

গ) ১৮৩৫ খ্রি: ঘ) ১৮৫৫ খ্রি:

১.৫ বিধাবা বিবাহ আইন প্রবর্তন করেন —

ক) বিদ্যাসাগর খ) ডিরোজিও গ) রামমোহন ঘ) জ্যোতিবা ফুলে

১.৬ ডোমন মাঝি নেতা ছিলেন —

ক) কোল বিদ্রোহের খ) মুণ্ডা বিদ্রোহের

গ) রংপুর বিদ্রোহের ঘ) সাঁওতাল বিদ্রোহের

১.৭ বাংলায় ওয়াহাবি আন্দোলনের নেতৃত্ব দেন —

ক) আব্দুল ওয়াহাব খ) তিতুমীর

গ) দুদুমিঞা ঘ) সৈয়দ আহম্মদ

১.৮ বঙ্গভাষা প্রকাশিকা সভা গড়ে ওঠে —

ক) ১৮১৭ খ্রি: খ) ১৮২৩ খ্রি:

গ) ১৮৩৪ খ্রি: ঘ) ১৮৩৬ খ্রি:

(পরের পৃষ্ঠায়)

Scanned by CamScanner

১.৯ বাংলার 'মুকুটহীন রাজা' নামে পরিচিত —

ক) মদনমোহন ঘোষ　　খ) রামমোহন রায়

গ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়　　ঘ) কেশবচন্দ্র সেন

১.১০ 'সত্যানন্দ' চরিত্রটি আছে —

ক) বর্তমান ভারত　　খ) আনন্দমঠ

গ) গোরা　　ঘ) ঘরোয়া গ্রন্থে

১.১১ প্রথম বাঙালি মুদ্রাকর হলেন —

ক) গঙ্গাকিশোর ভট্টাচার্য　　খ) পঞ্চানন কর্মকার

গ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী　　ঘ) গুরুদাস চট্টোপাধ্যায়

১.১২ 'জাতীয় শিক্ষা পরিষদ' গঠিত হয় —

ক) ১৯০৫ খ্রি:　　খ) ১৯০৬ খ্রি:　　গ) ১৯০৭ খ্রি:　　ঘ) ১৯০৮ খ্রি:

১.১৩ আলি মুসালিয়ার নেতা ছিলেন —

ক) একতা আন্দোলনের　　খ) ফরাজি আন্দোলনের

গ) মোপলা আন্দোলনের　　ঘ) রম্পা আন্দোলনের

১.১৪ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রথম সভাপতি ছিলেন —

ক) বালগঙ্গাধর তিলক　　খ) লালা লাজপত রায়

গ) মহাত্মা গান্ধি　　ঘ) বিপিনচন্দ্র পাল

১.১৫ মীরাট ষড়যন্ত্র মামলায় (১৯২৯ খ্রি:) অভিযুক্ত কমিউনিস্ট নেতার সংখ্যা ছিল —

ক) ২৮ জন　　খ) ৩১ জন　　গ) ৩২ জন　　ঘ) ৩৩ জন

১.১৬ জয়শ্রী পত্রিকা প্রকাশিত হয় —

ক) ১৯৩০ খ্রি:　　খ) ১৯৩১ খ্রি:

গ) ১৯৩২ খ্রি:　　ঘ) ১৯৩৩ খ্রি:

১.১৭ 'বি আম্মা' নামে পরিচিত হলেন —

ক) আবাদি বানু বেগম　　খ) মুথুলক্ষ্মী রেড্ডি

গ) অমৃতা কাউর　　ঘ) রেনুকা রায়

১.১৮ বেঙ্গল ভলান্টিয়ার্স দল গঠন করেন —

ক) হেমচন্দ্র ঘোষ　　খ) কল্পনা দত্ত

গ) লীলা নাগ (রায়)　　ঘ) সুপতি রায়

Scanned by CamScanner

১.১৯ 'লৌহমানব' বলা হয় —
ক) জওহরলাল নেহেরু
খ) সর্দার বল্লভভাই প্যাটেল
গ) মহাত্মা গান্ধি
ঘ) বিঠলভাই প্যাটেল

১.২০ নেহরু–লিয়াকৎ চুক্তি হয় —
ক) ১৯৪৭ খ্রি:
খ) ১৯৪৮ খ্রি:
গ) ১৯৪৯ খ্রি:
ঘ) ১৯৫০ খ্রি:

## বিভাগ — খ

২। যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি প্রশ্নের উত্তর দিতে হবে) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

একটি বাক্যে উত্তর দাও : ১×৪=৪

২.১.১ রসগোল্লা কাদের আবিষ্কার?
২.১.২ 'হুতোম প্যাঁচা' কার ছদ্মনাম ছিল?
২.১.৩ রানি শিরোমণি কে ছিলেন?
২.১.৪ 'অ্যালবার্ট হল' — এর বর্তমান নাম কী?

### উপবিভাগ : ২.২

ঠিক বা ভুল নির্ণয় করো : ১×৪=৪

২.২.১ কুচিপুরি নৃত্যের প্রচলন রয়েছে কেরালায়।
২.২.২ পটলডাঙা অ্যাকাডেমির বর্তমান নাম হেয়ার স্কুল।
২.২.৩ ১৯২৫ খ্রি: কলকাতায় ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়।
২.২.৪ ডিনামাইট ষড়যন্ত্রের সঙ্গে জড়িত ছিলেন কল্পনা দত্ত।

### উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : ১×৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ আত্মীয় সভা | ১. দিনাজপুর |
| ২.৩.২ আশুতোষ মুখোপাধ্যায় | ২. ভারত ছাড়ো আন্দোলন |
| ২.৩.৩ তেভাগা আন্দোলন | ৩. রামমোহন রায় |
| ২.৩.৪ মাতঙ্গিনী হাজরা | ৪. কলকাতা বিশ্ববিদ্যালয় |

(পরের পৃষ্ঠায়)

Scanned by CamScanner

## উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো : ১×৪=৪

২.৪.১ নীল বিদ্রোহের একটি কেন্দ্র মালদা।

২.৪.২ মিরাট।

২.৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) কেন্দ্র অযোধ্যা।

২.৪.৪ দেশীয় রাজ্য মহীশূর।

## উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো : ১×৪=৪

২.৫.১ বিবৃতি : ১৮৬৫ খ্রি: প্রথম অরণ্য আইন পাশ হয়।

ব্যাখ্যা ১: এই আইনের দ্বারা নতুন নতুন অরণ্য তৈরির পরিকল্পনা করা হয়।

ব্যাখ্যা ২ : অরণ্য আইনের মাধ্যমে অরণ্যের পুরাতন বৃক্ষ কেটে ফেলা হয়।

ব্যাখ্যা ৩ : অরণ্য আইনের মাধ্যমে অরণ্যকে সংরক্ষণের আওতায় আনা হয়।

২.৫.২ বিবৃতি : উনিশ শতকে কলকাতা ছিল বাংলা মুদ্রণ শিল্পের পীঠস্থান।

ব্যাখ্যা ১ : প্রথম কলকাতাতে ছাপাখানা গড়ে ওঠে।

ব্যাখ্যা ২ : কলকাতায় বহু গুণীজনের উদ্যোগে বিভিন্ন পুস্তক ছাপানো হয়।

ব্যাখ্যা ৩ : ছাপাখানার প্রসারের ফলে কলকাতায় কর্মসংস্থান তৈরি হয়।

২.৫.৩ বিবৃতি : জাতীয় কংগ্রেস শ্রমিক আন্দোলনকে ততটা গুরুত্ব দেয়নি।

ব্যাখ্যা ১ : কংগ্রেসের কাছে শ্রমিক স্বার্থ অপেক্ষা শ্রেণিসমূহের স্বার্থ অধিক গুরুত্বপূর্ণ ছিল।

ব্যাখ্যা ২ : শ্রমিক আন্দোলন কমিউনিস্ট ঘেঁষা ছিল।

ব্যাখ্যা ৩ : শ্রমিক আন্দোলনে কোনো নীতি আদর্শ ছিল না।

২.৫.৪ বিবৃতি : দীপালি সংঘ ছিল ঢাকায় নারী বিপ্লবীদের দীক্ষণাগার।

ব্যাখ্যা ১ : এখানে তরুণী বিপ্লবীদের বিপ্লবী আন্দোলনের প্রশিক্ষণ দেওয়া হত।

ব্যাখ্যা ২ : এই সংঘের অধীনে অনেক শিক্ষা প্রতিষ্ঠান ছিল।

ব্যাখ্যা ৩ : এই সংগঠন ছিল শ্রী সংঘের সহকারী সংগঠন।

Scanned by CamScanner

## বিভাগ — গ

৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো এগারোটি) : ২×১১=২২

৩.১ জাতীয়তাবাদের বিস্তারে খেলা কীভাবে সাহায্য করে?

৩.২ মানুষের খাদ্যাভাস কীসের উপর নির্ভর করে গড়ে ওঠে?

৩.৩ নব্যবঙ্গ কাদের বলা হয়?

৩.৪ প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষা বিষয়ক দ্বন্দ্ব বলতে কী বোঝো?

৩.৫ কেনারাম ও বেচারাম কী ?

৩.৬ ফরাজি আন্দোলনের উদ্দেশ্য কী ছিল?

৩.৭ ঝাঁসির রানি কেন বিখ্যাত?

৩.৮ ইলবার্ট বিল কী?

৩.৯ কার উদ্যোগে কেন ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়?

৩.১০ শান্তিনিকেতন আশ্রম কী?

৩.১১ একা বা একতা আন্দোলন কী?

৩.১২ চৌরিচৌরার ঘটনাটি কী?

৩.১৩ নারী কর্মমন্দির কেন স্মরণীয়?

৩.১৪ কোমাগাতামারু ঘটনাটি কী?

৩.১৫ রাজ্য পুনর্গঠন কমিশন কেন গঠিত হয়?

৩.১৬ 'রাজাকার' কারা?

## বিভাগ — ঘ

৪। সাত বা আটটি বাক্যে যে কোনো ছটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে প্রশ্নের উত্তর দাও) : ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ টীকা লেখো : সমাজসংস্কারে গ্রামবার্তার ভূমিকা

৪.২ লালন ফকিরের চিন্তাধারায় ধর্মসমন্বয় কীভাবে প্রকাশ পেয়েছে?

### উপবিভাগ : ঘ.২

৪.৩ সাঁওতাল বিদ্রোহের কারণ সংক্ষেপে আলোচনা করো।

৪.৪ স্বামী বিবেকানন্দের 'বর্তমান ভারত' গ্রন্থে কীভাবে জাতীয়তাবাদ ফুটে উঠেছে?

(পরের পৃষ্ঠায়)

Scanned by CamScanner

উপবিভাগ : ঘ.৩

৪.৫ বাংলাদেশে মুদ্রণশিল্পে শ্রীরামপুরের ছাপাখানার অবদান উল্লেখ করো।

৪.৬ টীকা লেখো : বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট।

উপবিভাগ : ঘ.৪

৪.৭ দলিত আন্দোলন বিষয়ে গান্ধি–আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখো।

৪.৮ কীভাবে কাশ্মীর ভারতভুক্ত হয়?

বিভাগ — ঙ

৫। পনেরো বা ষোলটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৮×১=৮

৫.১ আধুনিক চিকিৎসাবিদ্যার চর্চায় কলকাতা মেডিকেল কলেজের ভূমিকা কী? শিক্ষার প্রসারে রাজা রাধাকান্ত দেবের উদ্যোগ সংক্ষেপে লেখো।৫+৩

৫.২ ১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫.৩ বঙ্গভঙ্গ–বিরোধী আন্দোলন ও ভারত ছাড়ো আন্দোলনে ছাত্রদের কীরূপ ভূমিকা ছিল?

৩+৫

Scanned by CamScanner

# BANKURA ZILLA SCHOOL
## Madhyamik Test Examination - 2025

FULL MARKS - 90 SUBJECT - History TIME - 3 hr. 15 min

ক - বিভাগ

১। বহুবিকল্প ভিত্তিক প্রশ্ন :- ১x২০=২০

১.১ নিম্নবর্গের ইতিহাস লেখার সঙ্গে যুক্ত হলেন —

(ক) রণজিৎ গুহ (খ) গৌতম ভদ্র (গ) যদুনাথ সরকার (ঘ) লুইসেন ফেবার্ট।

১.২ ইউরোপে কোন সময়কে খেলাধূলার ইতিহাসের সময় ধরা হয় —

(ক) 1910 খ্রিঃ (খ) 1950 খ্রিঃ (গ) 1970 খ্রিঃ (ঘ) 1990 খ্রিঃ।

১.৩ দীকদর্শনের সম্পাদক ছিলেন —

(ক) কার্ভে (খ) মার্শম্যান (গ) স্যান্ডার্স (ঘ) ডেভিড হেয়ার।

১.৪ কোন বছর নববিধান ব্রাহ্ম সমাজ গঠিত হয় —

(ক) 1860 খ্রিঃ (খ) 1880 খ্রিঃ (গ) 1890 খ্রিঃ (ঘ) 1900 খ্রিঃ।

১.৫ কে নীলদর্পন নাটককে ইংরেজীতে অনুবাদ করেন ?

(ক) অক্ষয় কুমার দত্ত (খ) মধুসূদন দত্ত (গ) জেমস্ লঙ্ (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

১.৬ কোন পত্রিকা মেয়েদের শিক্ষা বিস্তারে সাহায্য করে ?

(ক) প্রবাসী (খ) বঙ্গদর্শন (গ) হিন্দু পট্রিয়ট (ঘ) বামাবোধিনী।

১.৭ 1878 খ্রিঃ এর বন আইন দ্বারা কতগুলি বনবিভাজন করা হয়েছিল ?

(ক) তিনটি (খ) ছয়টি (গ) আটটি (ঘ) নয়টি।

১.৮ কে উলগুলানে নেতৃত্ব দেন ?

(ক) বীরসা মুন্ডা (খ) জোফ ভগত (গ) কানহু (ঘ) সিধু।

১.৯ ভারতের প্রথম ভাইসরয় ছিলেন —

(ক) ডালহৌসি (খ) লর্ড ক্যানিং (গ) লর্ড বেন্টিং (ঘ) ওয়ারেন হেস্টিং।

১.১০ অযোধ্যার সিপাহী বিদ্রোহে নেতৃত্ব দেন –

(ক) নানা সাহেব (খ) হজরত মহল (গ) কুনওয়ার সিং (ঘ) বাবা রামচন্দ্র।

১.১১ বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটুট তৈরী হয়েছিল —

(ক) জুলাই 25, 1905 (খ) জুলাই 25, 1906 (গ) জুন 26, 1904 (ঘ) জুন 26, 1906.

১.১২ IACS এর প্রথম সভাপতি হলেন —

(ক) মহেন্দ্রলাল সরকার (খ) জে.সি. বোস (গ) মেঘনাদ সাহা (ঘ) প্যারীমোহন মুখোপাধ্যায়।

১.১৩ বীরেন্দ্র শাসমল পরিচিত ছিলেন —

(ক) দেশবন্ধু (খ) দেশোপ্রিয় (গ) দেশপ্রাণ (ঘ) দেশহিতৈসীনাসে।

১.১৪ বাবা রামচন্দ্র কৃষক বিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন —

(ক) বিহারে (খ) যুক্ত প্রদেশে (গ) রাজস্থানে (ঘ) মহারাষ্ট্রে।

১.১৫ কার নেতৃত্বে প্রথম মে দিবস ভারতে পালিত হয় ?
(ক) গান্ধীজী (খ) সিঙ্গারাভেলু চেট্টিয়ার (গ) লাজপত রায় (ঘ) পি.সি.যোশী।

১.১৬ কংগ্রেস সমাজতন্ত্রীদল তৈরী হয়েছিল ?
(ক) কোলকাতা (খ) দিল্লী (গ) বোম্বে (ঘ) মাদ্রাজে।

১.১৭ কল্পনা দত্ত কোলকাতার কোন সভার সঙ্গে যুক্ত ছিল ?
(ক) দীপালী সংঘ (খ) ছাত্র সংঘ (গ) সুহৃদ সমিতি (ঘ) বেঙ্গল ভলান্টিয়ার দলে।

১.১৮ অ্যানি বেসান্ত কংগ্রেসের সভাপতি হয়েছিলেন —
(ক) 1907 খ্রিঃ (খ) 1917 খ্রিঃ (গ) 1918 খ্রিঃ (ঘ) 1919 খ্রিঃ।

১.১৯ গোয়া ভারতীয় অংশ হিসাবে নিযুক্ত হয় —
(ক) 1947 খ্রিঃ (খ) 1956 খ্রিঃ (গ) 1961 খ্রিঃ (ঘ) 1971 খ্রিঃ।

১.২০ কোনটি রাজকীয় রাষ্ট্র ছিল না —
(ক) বোম্বে (খ) ভূপাল (গ) হায়দারাবাদ (ঘ) জয়পুর।

## খ - বিভাগ

২। প্রতিটি বিভাগ থেকে অন্তত একটি করে মোট ষোলটি প্রশ্নের উত্তর দাও :- ১x১৬=১৬

### উপবিভাগ - ২.১ ১x৪=৪

২.১.১ কোন ঐতিহাসিক পটভূমিতে 'ভারতমাতা' চিত্রটি আঁকা হয়েছিল ?

২.১.২ কোন বছর শ্রীরামপুর মিশন ছাপাখানা তৈরী হয় ?

২.১.৩ কোন বিদ্রোহের সঙ্গে ঊষা মেহেতার নাম যুক্ত ?

২.১.৪ মতুয়া সংঘের প্রতিষ্ঠাতার নাম কি ?

### উপবিভাগ - ২.২ (সত্য / মিথ্যা নির্ণয়) ১x৪=৪

২.২.১ সোমপ্রকাশ পত্রিকাটি ছিল সাপ্তাহিক।

২.২.২ ওয়ারেন হেস্টিং ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন।

২.২.৩ হিকির বেঙ্গল গেজেট ছিল ভারতের প্রথম সংবাদপত্র।

২.২.৪ কংগ্রেস এবং খিলাফৎ নেতারা একা আন্দোলনকে সমর্থন করেন।

### উপবিভাগ - ২.৩ ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মেলাও :- ১x৪=৪

| ক - স্তম্ভ | খ - স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১) হিন্দু বালিকা বিদ্যালয় |
| ২.৩.২ নবগোপাল মিত্র | ২) কৃষক বিদ্রোহ |
| ২.৩.৩ বীরেন্দ্রনাথ শাসমল | ৩) হিন্দু মেলা |
| ২.৩.৪ ড্রিঙ্কওয়াটার বেথুন | ৪) বঙ্গদর্শন |

### উপবিভাগ - ২.৪ ভারতের মানচিত্রে ঐতিহাসিক স্থান গুলি চিহ্নিত করো। ১x৪=৪

২.৪.১ সাঁওতাল বিদ্রোহের কেন্দ্র।

২.৪.২ কোল বিদ্রোহের এলাকা → ছোটনাগপুর।

২.৪.৩ নীল বিদ্রোহের এলাকা → নদীয়া।

২.৪.৪ রাজকীয় রাষ্ট্র হায়দারাবাদ।

**উপবিভাগ - ২.৫ বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যা খুঁজে নিয়ে লেখ।** ১×৪=৪

২.৫.১ বিবৃতি : 1823 খ্রিঃ রামমোহন রায় আমহার্স্টকে চিঠি লেখেন।

ব্যাখ্যা ১ :- ভারতবর্ষে সতীদাহ প্রথার বন্ধ করার জন্য।

ব্যাখ্যা ২ :- ভারতীয়দের মধ্যে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের জন্য।

ব্যাখ্যা ৩ :- ভারতীয়দের মধ্যে সংস্কৃত শিক্ষা ছড়িয়ে দেওয়ার জন্য।

২.৫.২ বিবৃতি : উপজাতিদের জন্য ব্রিটিশ সরকার আলাদা অঞ্চল তৈরী করেন।

ব্যাখ্যা ১ :- চুয়াড় বিদ্রোহের পর এই ব্যবস্থা গ্রহন করা হয়।

ব্যাখ্যা ২ :- কোল বিদ্রোহের পর এই পদক্ষেপ নেওয়া হয়।

ব্যাখ্যা ৩ :- মুন্ডা বিদ্রোহের পর এই চিন্তাভাবনা করা হয়।

২.৫.৩ বিবৃতি : জগদীশ চন্দ্র বোস 1917 খ্রিঃ বোস ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন।

ব্যাখ্যা ১ :- এটা তৈরী করা হয়েছিল গাছপালার গবেষণা করার জন্য।

ব্যাখ্যা ২ :- এটা তৈরী করা হয় বৈজ্ঞানিক গবেষণার জন্য।

ব্যাখ্যা ৩ :- এটা তৈরী করা হয় বিজ্ঞানের বিভিন্ন শাখার গবেষণার জন্য।

২.৫.৪ বিবৃতি : লক্ষ্মীর ভান্ডার তৈরী করেন সরলাদেবী চৌধুরানী।

ব্যাখ্যা ১ :- বিদেশী দ্রব্য বিক্রয় করার জন্য।

ব্যাখ্যা ২ :- মহিলাদের সাহায্য করা যায় আন্দোলনের সঙ্গে যুক্ত।

ব্যাখ্যা ৩ :- দেশী দ্রব্য বিক্রয় করার জন্য।

## গ - বিভাগ

**৩। সর্বাধিক দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও :- যেকোন এগারোটি।** ২×১১=২২

৩.১ পরিবেশের ইতিহাসের গুরুত্ব কোথায় ?

৩.২ সরকারী নথিপত্রের গুরুত্ব ইতিহাস রচনার ক্ষেত্রে কোথায় ?

৩.৩ সমাজ সংস্কারে নব্যবঙ্গদের অবদান কি ?

৩.৪ কেন সন্ন্যাসী ও ফকিররা বিদ্রোহ করেছিল ?

৩.৫ মহারানীর ঘোষণাপত্রের গুরুত্ব কোথায় ?

৩.৬ কোন এবং কি উদ্দেশ্যে ব্যঙ্গচিত্র তৈরী করা হোত ?

৩.৭ ল্যান্ডহোল্ডার সভা ও ভারতসভার মধ্যে পার্থক্য কোথায় ?

৩.৮ জাতীয়তাবাদ জাগরণে 'আনন্দমঠের' অবদান কি ?

৩.৯ 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' কেন তৈরী হয় ?

৩.১০ কেন ননীবালাদেবী স্মরণীয় ?

৩.১১ কে কখন সর্বভারতীয় তপশীল জাতি উপজাতি সংগঠন গড়ে তোলেন ?

৩.১২ স্বাধীন শ্রমিকদল কে কি উদ্দেশ্যে গঠন করেন ?

৩.১৩ কিভাবে কখন গান্ধীজী কে হত্যা করা হয় ?

৩.১৪ সর্দার বল্লভ ভাই প্যাটেলকে কেন 'লৌহ মানব' বলা হয় ?

৩.১৫ রাজ্য পুনরগঠন কমিশন কেন তৈরী হয় ?

৩.১৬ কেন দর কমিশন গঠিত হয়েছিল ?

## ঘ - বিভাগ

**৪। সর্বাধিক সাতটি অথবা আটটি বাক্যে উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও :-** ৪x৬=২৪

**উপবিভাগ - ঘ.১**

৪.১ নীলদর্পন নাটকে ঊনবিংশ শতকের সমাজের কোন ছবি ভেসে ওঠে ?

৪.২ ঊনবিংশ শতকে মহিলাদের শিক্ষার প্রসারে বেথুনের অবদান কি ?

**উপবিভাগ - ঘ.২**

৪.৩ কোন উদ্দেশ্যের দ্বারা পরিচালিত ব্রিটিশ সরকার অরণ্য আইন পাশ করেছিলেন ?

৪.৪ 1857 খ্রিঃ বিদ্রোহে কি সামন্ততান্ত্রিক বিদ্রোহের ছাপ ছিল ?

**উপবিভাগ - ঘ.৩**

৪.৫ শিক্ষা বিস্তারে ছাপাখানার ভূমিকা কি ছিল ?

৪.৬ মহেন্দ্রলাল সরকারের অবদান কি ছিল ?

**উপবিভাগ - ঘ.৪**

৪.৭ বাংলায় উদ্বাস্তু সমস্যা সম্পর্কে লেখ।

৪.৮ কাশ্মির সমস্যা বলতে কি বোঝায় ?

## ঙ - বিভাগ

**৫। সর্বাধিক পনেরো / ষোলটি বাক্যে প্রবন্ধ আকারে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও :-** ৮x১=৮

৫.১ ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের ইতিহাস আলোচনা কর।

৫.২ বাংলায় ওয়াহাবী আন্দোলন কি ? এর গুরুত্ব কোথায় ? ৩+৫

৫.৩ রবীন্দ্রনাথ ঠাকুর মানুষ, প্রকৃতি ও পরিবেশের শিক্ষায় দিক উল্লেখ কর। তিনি কি উদ্দেশ্যে শ্রীনিকেতন তৈরী করেন ? ৫+৩

-- ✦ --

# BANKURA ZILLA SCHOOL

## Madhyamik Test Examination - 2025

FULL MARKS - 90 SUBJECT - History TIME - 3 hr. 15 min

### Group - A

1. **Multiple choice questions (MCQ) choose the correct answer :** 1x20=20

1.1 Who was associated with the historical writtingon the Annales ?
(a) Ranjit Guha (b) Goutam Bhadra (c) Jadunath Sarkar (d) Lucien Febvre.

1.2 Which period marked the study of sports History in Europe ?
(a) 1910 A.D (b) 1950 A.D (c) 1970 A.D (d) 1990 A.D

1.3 Who edited 'Digdarshan' ?
(a) W. Carey (b) J. Marshman (c) Saunders (d) David Hare.

1.4 When was the 'Nababidhan Bramho Samaj' established ?
(a) 1860 A.D (b) 1880 A.D (c) 1890 A.D (d) 1900 A.D.

1.5 Who translated 'Nil Darpan' into English ?
(a) Akshaykumar Dutta (b) Madhusudan Dutta
(c) James Long (d) Rabindranath Tagore.

1.6 Which Periodical helped in bringing about women's progress in education ?
(a) Prabash (b) Bangadarshan (c) Hindu Patriot (d) Bamabodhini.

1.7 Into how many categories were the Indian Forest divided by the Forest Act of 1878
(a) Three (b) Six (c) English (d) Nine.

1.8 Who led the 'ulghulam' ?
(a) Birsa Munda (b) Joa Bhagat (c) Kanhu (d) Sidhu.

1.9 The first viceroy of India was -
(a) Dalhousie (b) Lord Canning (c) Lord Bentick (d) Warren Hastings.

1.10 The loadov of he sepoy Muting in Awadh was -
(a) Nana Saheb (b) Hazrat Mahal (c) Kunwarsing (d) Baba Ramchandra.

1.11 Bengal Technical Institute was established on -
(a) July 25, 1905 (b) July 25, 1906 (c) June 26, 1904 (d) June 26, 1906.

1.12 Who was the first Indian President of IACS ?
(a) Mahendralal Sarkar (b) J.C. Bose
(c) Meghnad Saha (d) Peary Mohan Mukhopadhyay.

1.13 Birendranath Sasmal is known as -
(a) Deshbandhu (b) Deshpriya (c) Deshpran (d) Deshhitaishee.

1.14 Baba Ramchandra gave leadership to the peasant movement in -
(a) Bihar (b) United province (c) Rajasthan (d) Maharastra.

1.15 May Day was first celebrated in India under the leadership of -
(a) Gandhiji (b) Sigaravelu Chettiar (c) Lala Lajpat Rai (d) P.C.Joshi.

1.16 The congress Socialist party was formed in -
(a) Calcutta (b) Delhi (c) Bombay (d) Modras.

1.17 Kalpana Dutta was associated with a student's organisation in Calcutta named -
(a) Deepali Sangha (b) Chhatri Sangha (c) Suhid Samiti (d) Bengal Volunteers.

1.18 Mrs. Annie Besant become the president of Indian National Congras in -
(a) 1907 A.D (b) 1917 A.D (c) 1918 A.D (d) 1919 A.D

1.19 Goa became a part of India in -
(a) 1947 (b) 1956 (c) 1961 (d) 1971

1.20 Which of the following was not princely state ?
(a) Bombay (b) Bhopal (c) Hyderabad (d) Jaipur.

## Group - B

2. **Answer the following questions. (Attempt one questions from each Sub - group ; in all answer 16 questions)** 1x16=16

### Sub - group 2.1

**Answer in one sentence :-** 1x4=4

2.1.1 In which historical conact the 'Bharatmata' was pointed ?

2.1.2 In which year was the Serampore mission press founded ?

2.1.3 With which movement was Usha Mehta associated ?

2.1.4 Who is the founder of the Matua Community ?

### Sub - group - 2.2

**Identity which of the following is 'True' or 'False' :-** 1x4=4

2.2.1 'Somprakash' was a weekly paper.

2.2.2 Fort william college was established by warren Hastings.

2.2.3 HICKY's 'Bengal Gazette' is regarded as the first newspaper in India.

2.2.4 The congress and the Khilafat leadas supported the Eka movement.

### Sub - group - 2.3

**Match Column 'A' with Column 'B'** 1x4=4

| | Column A | Column B |
|---|---|---|
| 2.3.1 | Bankim Chandra Chattopadhyay | 1. Hindu Balika Bidyalaya |
| 2.3.2 | Nabagopal Mitra | 2. Peasant movement |
| 2.3.3 | Birendranath Sasmal | 3. Hindu Mela |
| 2.3.4 | Drinkwater Bethune | 4. Bangadarshan |

Sub - group - 2.4

**On the given outline map of India, locate and label the following places :-** 1x4=4

2.4.1 Areas of Santhal Rebellish.

2.4.2 Areas of Kol Rebellish - Chhotonagpur.

2.4.3 Areas of Indigo Revolt - Nadiya.

2.4.4 Princely state of Hyderabad.

**Sub - group - 2.5**

**Select the correct Inter proation of the following statesments :-** 1x4=4

2.5.1 Statement :- Rammohan Roy wrote a letter to Lord Amherst (1823 A.D)

Interpreation 1 :- appealing to abolish the practice of Sati.

Interpreation 2 :- appealing to spread western education in India.

Interpreation 3 :- appealing to develop Sanskrit Education in India.

2.5.2 Statement :- The Colonial Government created a separate region called south west Frontier Agency for the tribols.

Interpreation 1 :- It was created after the Chuar Rebellion.

Interpreation 2 :- It was created after the Kol Rebellion.

Interpreation 3 :- It was created after the Munda Rebellion.

2.5.3 Statement :- Jagadish Chandra Bose founded the Bose Institute in 1917 A.D.

Interpreation 1 :- It was founded for the development of Botanical research.

Interpreation 2 :- It was founded for the spread of scientific research.

Interpreation 3 :- It was founded for the development of scientific research.

2.5.4 Statement :- Sarala Devi Choudhurani established Lakshmir Bhandar.

Interpreation 1 :- To sell foreign goods.

Interpreation 2 :- To help woman who weve engaged in movements.

Interpreation 3 :- To sell indigenous goods.

## Group - C

**3. Answer the following questions in two or three sentences only (Any eleven)** 2x11=22

3.1 What is the importance of history of Environment ?

3.2 What are 'government documents'.

3.3 What was the role of young Bengal social reform ?

3.4 Why did the Sannasi - Fakir reballion fall ?

3.5 What was the main objective of the Queeins proclamation ?

3.6 With what parpose are cartoons draws ?

3.7 State two differences between the Land holders Association and Indian Association?

3.8 What was the contribution of the novel 'Anandamath' to the rise of national awakening in the 19th century ?

3.9 What were the works undertoken by Tamralipta Jatiya Sarkar ?

3.10 Why is Nanibala Devi remembered ?

3.11 Who formed the All India Scheduled caste Fedration and when ?

3.12 Who formed the independent Labour porty ? What was its objective ?

3.13 Against which incident gandhiji under took fast unto death ?

3.14 Why is Sardar Ballabhhai Patel called the 'Iron Man of India' ?

3.15 Why was the state Reorganisation commission formed ?

3.16 Why was the Dar Commission formed ?

## Group - D

**4. Answer the following question in seven or eight sentences each :-**
**Attempt one question from each Sub - group. Answer six questions in all.** 4x6=24

**Sub - group D.1**

4.1 What reflections of nineteenth century Bengal society do we get from the drama 'Nildarpan' ?

4.2 What role did Drink water Bethune play in spreading women's education in the Nineteenth century ?

**Sub - group D.2**

4.3 With what objectives the Colonial Government enacted the Forest Laws ?

4.4 Can the Great Revolt of 1857 be termed as a feudal revolt.

**Sub - group D.3**

4.5 Explain the relation between printed booas and the spread of Education.

4.6 What was the contribution of Dr. Mahendralal Sarkar in the cultivatia of science in Bengal ?

**Sub - group D.4**

4.7 Write a short note on the Refugee problem in India ofter partition (1947)

4.8 How did the kashmir problem orginate ?

## Group - E

**5. Answer any one question in fifteen or sixteen sentences :-** 9x1=8

5.1 Write an esay on the development of western education in the first half of the 19th century.

5.2 Give an account of the wahabi Movement in Bengal ? What is its improtanc. 3+5

5.3 Explain Rabindranath's view on the synthesis of nature, manand Education ? With what aim was Sriniketan established ? 5+3

-- ✦ --

# Barasat P. C. S. Govt. High School

## Test Examination - 2025

**Subject : History**

**Class - X**

Time : 3 hours 15 minutes | Full Marks : 85

*Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

### বিভাগ - 'ক'

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : (~~যে কোনো সতেরটি~~) 1x20 = 20 ~~১×১৭=১৭~~

১.১ ভারতে ফুটবল খেলা প্রবর্তন করে—

ক) ইংরেজরা খ) ফরাসিরা গ) ওলন্দাজরা ঘ) পোর্তুগিজরা

১.২ সরকারি নথি সংরক্ষিত হয়—

ক) সংগ্রহশালায় খ) জাতীয় গ্রন্থাগারে গ) জাতীয় মহাফেজখানায় ঘ) জাদুঘরে।

১.৩ নীলদর্পণ নাটকের ইংরেজি অনুবাদের প্রকাশক ছিলেন—

ক) কালীপ্রসন্ন সিংহ খ) মাইকেল মধুসূদন দত্ত গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় ঘ) রেভারেন্ড জেমস লং।

১.৪ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন—

ক) ড: এম জে ব্রামলি খ) ড: এইচ এইচ গুডিভ গ) ড: এন ওয়ালিশ ঘ) ড: জে গ্রান্ট

১.৫ সর্বধর্ম সমন্বয়ের আদর্শ প্রচার করেন—

ক) বিজয় কৃষ্ণ গোস্বামী খ) স্বামী বিবেকানন্দ গ) শ্রী শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব ঘ) রামমোহন রায়

১.৬ ১৮৭৮ এর অরণ্য আইনে অরণ্য ভাগ কর হয়—

ক) দুটি স্তরে খ) তিনটি স্তর গ) চারটি স্তরে ঘ) পাঁচটি স্তরে।

১.৭ বঙ্কিমচন্দ্রের যে উপন্যাসে সন্ন্যাসী বিদ্রোহের উল্লেখ আছে, সেটি হল—

ক) রাধারানি খ) কপালকুন্ডলা গ) দেবী চৌধুরানী ঘ) ~~দুর্গেশনন্দিনী~~। আনন্দমঠ

১.৮ উনিশ শতককে 'সভা সমিতির যুগ' বলে অভিহিত করা হয়।

ক) বিভিন্ন রাজনৈতিক সংগঠন গড়ে ওঠে। খ) রাজনৈতিক আন্দোলনের প্রসার ঘটে। গ) বৃহত্তর আন্দোলন গড়ে ওঠে ঘ) জাতীয়তাবাদের প্রসার ঘটে।

১.৯ সিপাহি বিদ্রোহকে 'ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ' বলেছেন—

ক) ডিসরেলি খ) চার্লস রেকস গ) কার্লমার্কস ঘ) বিনায়ক দামোদর সাভারকার।

১.১০ আধুনিক জাতীয়তাবাদী ব্যঙ্গ বা কার্টুন চিত্রের জনক হলেন —

ক) অবনীন্দ্রনাথ ঠাকুর খ) জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর গ) গগণেন্দ্রনাথ ঠাকুর ঘ) গণেন্দ্রনাথ ঠাকুর।

১.১১ ভারতে হাফটোন পদ্ধতি প্রবর্তন করেন—

ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী খ) সুকুমার রায় গ) পঞ্চানন কর্মকার ঘ) চার্লস উইলকিন্স

১.১২ জাতীয় শিক্ষা পরিষদের প্রথম সভাপতি ছিলেন—

ক) সতীশ চন্দ্র মুখোপাধ্যায় খ) সতীশচন্দ্র বসু গ) রাসবিহারী ঘোষ ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত।

১.১৩ বারদৌলি সত্যাগ্রহ হয়েছিল—

ক) জমি অধিগ্রহণের দাবিতে খ) খাজনা হ্রাসের দাবিতে গ) মজুরি বৃদ্ধির দাবিতে ঘ) ব্রিটিশ শাসনের বিরোধিতা করার জন্য।

১.১৪ 'মিরাট ষড়যন্ত্র মামলা' (1929) হয়েছিল—

ক) জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে খ) বিপ্লবীদের বিরুদ্ধে গ) শ্রমিক নেতাদের বিরুদ্ধে ঘ) কৃষক নেতাদের বিরুদ্ধে।

১.১৫ 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি', যুক্ত ছিল—

ক) রাওলাট সত্যাগ্রহে খ) অসহযোগ আন্দোলনে গ) বারদৌলি সত্যাগ্রহে ঘ) সাইমন কমিশন বিরোধী আন্দোলনে।

১.১৬ সূর্যসেন প্রতিষ্ঠিত বিপ্লবী দলের নাম ছিল—

ক) অনুশীলন সমিতি খ) গদর দল গ) ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি ঘ) বেঙ্গল ভলান্টিয়ার্স

১.১৭ কলকাতায় 'রশিদ আলি দিবস' পালিত হয়—

ক) 1946 খ্রিস্টাব্দের 11 ফেব্রুয়ারি খ) 1946 খ্রিস্টাব্দের 12 ফেব্রুয়ারি

গ) 1946 খ্রিস্টাব্দের 13 ফেব্রুয়ারি ঘ) 1946 খ্রিস্টাব্দের 14 ফেব্রুয়ারি

১.১৮ মাদ্রাজে 'আত্মসম্মান আন্দোলন' শুরু করেন—

ক) রামস্বামী নাইকার খ) নারায়ণ গুরু গ) ভীমরাও আম্বেদকর ঘ) গান্ধিজি।

১.১৯ কাশ্মীর 'ভারতভুক্তির দলিল'-এ স্বাক্ষর করে 1947 খ্রিস্টাব্দের—

ক) 24 সেপ্টেম্বর খ) 26 সেপ্টেম্বর গ) 24 অক্টোবর ঘ) ~~24~~ 26 অক্টোবর

১.২০ "কেয়াপাতার নৌকো" গ্রন্থটি লিখেছেন—

ক) আজিজুল হক খ) প্রফুল্ল রায় গ) প্রফুল্ল চক্রবর্তী ঘ) মহাশ্বেতা দেবী।

## বিভাগ - 'খ'

২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ২টি করে, মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৬ = ১৬

### উপবিভাগ : ২.১

**একটি বাক্যে উত্তর দাও :** ১ × ৪ = ৪

২.১.১ 'গোরা' উপন্যাসকে রচনা করেন?

২.১.২ মিরাট ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত দুজন ব্রিটিশ কমিউনিস্ট নেতার নাম লেখো।

২.১.৩ ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টির মুখপত্রের নাম কী?

২.১.৪ মতুয়া ধর্ম ও মতুয়া সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?

### উপবিভাগ : ২.২

**ঠিক বা ভুল নির্ণয় করো :** ১ × ৪ = ৪

২.২.১ অ্যানাল পত্রিকা গোষ্ঠীর উদ্ভব হয় ফ্রান্সে।

২.২.২ বাঁশের কেল্লা নির্মাণ করেন দুর্জন সিংহ।

২.২.৩ মহাবিদ্রোহের সময় ভারতের গর্ভনর জেনারেল ছিলেন লর্ড ডালহৌসি।

২.২.৪ কালাজ্বরের ঔষধ আবিষ্কার করেন উপেন্দ্রনাথ ব্রহ্মচারী।

### উপবিভাগ : ২.৩

১ × ৪ = ৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ র‍্যাচেল কারসন | ১. নববিধান |
| ২.৩.২ কেশবচন্দ্র সেন | ২. মালাবার |
| ২.৩.৩ মোপলা বিদ্রোহ | ৩. সতীশচন্দ্র সামন্ত |
| ২.৩.৪ তমলুকে জাতীয় সরকার | ৪. সাইলেন্ট স্প্রিং |

### উপবিভাগ : ২.৪

**প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

১ × ৪ = ৪

২.৪.১ বাংলায় ওয়াহাবি আন্দোলনের কেন্দ্র — বারাসাত

২.৪.২ মহাবিদ্রোহের (১৮৫৭) প্রধান কেন্দ্র — ঝাঁসি

২.৪.৩ রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত শান্তিনিকেতন— বোলপুর

২.৪.৪ দেশীয় রাজ্য জুনাগড়

উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো। ১ × ৪ = ৪

২.৫.১ বিবৃতি : 1817 খ্রিস্টাব্দে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের জন্য হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়।

ব্যাখ্যা -১ : এই কলেজে শুধুমাত্র হিন্দু ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

ব্যাখ্যা - ২ : এই কলেজে হিন্দু ও ব্রাহ্ম ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

ব্যাখ্যা -৩ : এই কলেজে সকল ধর্মের ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

২.৫.২ বিবৃতি : উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত।

ব্যাখ্যা -১ : শুধুমাত্র গ্রামবাংলায় নবজাগরণ হয়েছিল।

ব্যাখ্যা - ২ : এর পরিধি সীমিত ছিল শুধুমাত্র সাহিত্য চর্চার ক্ষেত্রে।

ব্যাখ্যা -৩ : এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যে সীমিত ছিল।

২.৫.৩ বিবৃতি : রবীন্দ্রনাথ ঠাকুর ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থা পছন্দ করতেন না।

ব্যাখ্যা -১ : কারণ, এই শিক্ষা ব্যবস্থা ছিল ব্যয় সাপেক্ষ।

ব্যাখ্যা - ২ : কারণ, এই শিক্ষা ব্যবস্থা মাধ্যম ছিল মাতৃ ভাষা।

ব্যাখ্যা -৩ : কারণ, এই শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীদের মনের বিকাশ ঘটত না।

২.৫.৪ বিবৃতি : সাম্প্রদায়িক বাঁটোয়ারার (1932) মাধ্যমে অনুন্নত শ্রেণিদের পৃথক নির্বাচনের ব্যবস্থা করা হলে গান্ধিজি তার প্রতিবাদে আমরণ অনশন শুরু করেন।

ব্যাখ্যা -১ : গান্ধিজি ছিলেন অনুন্নত শ্রেণিদের নির্বাচনী অধিকারের বিরোধী।

ব্যাখ্যা - ২ : হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ তৈরির প্রতিবাদে গান্ধিজি অনশন করেন।

ব্যাখ্যা -৩ : জাতীয় কংগ্রেসের নির্দেশে গান্ধিজি প্রতিবাদী অনশন করেছিলেন।

## বিভাগ - 'গ'

৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ( যে কোনো ১০টি)

২ × ১০ = ২০

৩.১ নিম্নবর্গীয় ইতিহাসচর্চা বলতে কী বোঝো ?

৩.২ আধুনিক ভারতের ইতিহাসচর্চায় জীবনের ঝরাপাতা গ্রন্থের গুরুত্ব কী ?

৩.৩ ভারতে পাশ্চাত্য শিক্ষা প্রসারে খ্রিস্টান মিশনারিদের প্রধান উদ্দেশ্য কী ছিল ?

৩.৪ বাংলার নবজাগরণ বলতে কী বোঝায়?

৩.৫ চুয়াড় বিদ্রোহের কারণ লেখো।

৩.৬ ফরাজি আন্দোলন কি ধর্মীয় পুনর্জাগরণের আন্দোলন?

৩.৭ ভারতের 'সভাসমিতির' যুগ বলতে কী বোঝো?

৩.৮ ব্যঙ্গচিত্র কেন আঁকা হয়?

৩.৯ বাংলার মুদ্রণের ইতিহাস বটতলা প্রকাশনার অবদান কী?

৩.১০ বসুবিজ্ঞান মন্দির প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৩.১১ মোপলা বিদ্রোহের (1921 খ্রিস্টাব্দ) কারণ কী?

৩.১২ AITUC প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৩.১৩ অ্যান্টি-সার্কুলার সোসাইটি কেন প্রতিষ্ঠিত হয়?

৩.১৪ রশিদ আলি দিবস কেন পালিত হয়?

৩.১৫ দেশীয় রাজ্যগুলির 'ভারতভুক্তি দলিল' বলতে কী বোঝায়?

৩.১৬ পত্তি শ্রীরামালু কী কারণে স্মরণীয়?

## বিভাগ - 'ঘ'

**৪. সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।** ৪ × ৬ = ২৪

### উপবিভাগ : ঘ. ১

৪.১ উনিশ শতকের বাংলায় নারী শিক্ষা বিস্তারে রাজা রাধাকান্ত দেব কীরূপ ভূমিকা গ্রহণ করেছিলেন?

৪.২ উনিশ শতকের বাংলায় ধর্মসংস্কার আন্দোলনে রামকৃষ্ণদেবের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

### উপবিভাগ : ঘ. ২

৪.৩ মহারানির ঘোষণাপত্রের (১৮৫৮) ঐতিহাসিক তাৎপর্য কী?

৪.৪ গোরা উপন্যাসটিতে রবীন্দ্রনাথের যে জাতীয়তাবাদী ভাবধারার পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো।

### উপবিভাগ : ঘ. ৩

৪.৫ বারদৌলি সত্যাগ্রহের প্রতি জাতীয় কংগ্রেসের কীরূপ মনোভাব ছিল?

৪.৬ ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি সম্বন্ধে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

উপবিভাগ : ঘ. 4

৪.৭ দলিত আন্দোলন বিষয়ে গান্ধিজি-আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখো।

৪.৮ সংক্ষিপ্ত টীকা লেখো : দেশ বিভাগ (1947) জনিত উদ্‌বাস্তু সমস্যা।

## বিভাগ - 'ঙ'

৫. **পনেরো বা ষোলটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :** ৮ × ১ = ৮

৫.১ উনিশ শতকে বাংলায় সমাজ সংস্কার আন্দোলনে ব্রাহ্ম সমাজের অবদান কী ছিল?

৫.২ মহাবিদ্রোহ (1857 খ্রিস্টাব্দ) -এর চরিত্র বিশ্লেষণ করো।

৫.৩ বিংশ শতকের ভারতে উপনিবেশ বিরোধী আন্দোলনে বামপন্থীদের ভূমিকা কী ছিল?

# ব্যারাকপুর রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়

## মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা-২০২৫

### শ্রেণি - দশম

### বিষয় - ইতিহাস

সময় - ৩ ঘণ্টা                                                                                পূর্ণমান -৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ                                                    ১×২০=২০

১.১ প্রথম অলিম্পিক প্রতিযোগিতা হয় -

ক) ৬৭৬ খ্রি. পূ.   খ) ৭৭৬ খ্রি. পূ.   গ) ৮৭৬ খ্রি. পূ.   ঘ) ৭৮৬ খ্রি. পূ.

১.২ সোমপ্রকাশ ছিল একটি -

ক) দৈনিক পত্রিকা   খ) সাপ্তাহিক পত্রিকা   গ) পাক্ষিক পত্রিকা

ঘ) মাসিক পত্রিকা

১.৩ 'সপ্তদশ আইন' দ্বারা যে কুপ্রথার অবসান ঘটানো হয় -

ক) বাল্য বিবাহ   খ) কন্যা সন্তান বিসর্জন   গ) সতীদাহ প্রথা

ঘ) বহুবিবাহ

১.৪ ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে বেমানান নামটি হল -

ক) ডেভিড হেয়ার   খ) রাজা রামমোহন রায়   গ) কালীপ্রসন্ন সিংহ

ঘ) আলেকজাণ্ডার ডাফ

১.৫ জাতীয় মেলা প্রতিষ্ঠা করেন -

ক) বিজয়কৃষ্ণ গোস্বামী   খ) দেবেন্দ্রনাথ ঠাকুর

গ) কেশবচন্দ্র সেন   ঘ) নবগোপাল মিত্র।

১.৬ কোলদের গোষ্ঠিপতিকে বলা হত -

ক) মানকি   খ) দিকু   গ) দলপতি   ঘ) মহাজন

১.৭ 'হিন্দুস্থানের যাযাবরদের পেশাদারি উপদ্রব, দস্যুতা ও ডাকাতি' বলা হয়-

ক) চুয়াড় বিদ্রোহকে   খ) সন্নাসী-ফকির বিদ্রোহকে

গ) কোল বিদ্রোহকে   ঘ) ওয়াহাবি আন্দোলনকে

১.৮ সিপাই বিদ্রোহের পর ভারতে -

ক) কোম্পানির একচেটিয়া বাণিজ্যের অবসান হয়।

খ) ভারতে অবাধ বাণিজ্য নীতির সূচনা হয়।

গ) ব্রিটিশ পার্লামেন্টের শাসন শুরু হয়।

ঘ) কোম্পানির শাসনের মেয়াদ বাড়ানো হয়।

১.৯ ভারতসভার কার্যক্রমে যুক্ত ছিলেন -

ক) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় খ) কৃষ্ণকুমার মিত্র

গ) কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ঘ) রামতনু লাহিড়ী।

১.১০ 'ইণ্ডিয়ান সোসাইটি অব্ ওরিয়েন্টাল আর্ট' প্রতিষ্ঠিত হয়-

ক) ১৯০৫ খ্রি. খ) ১৯০৬ খ্রি. গ) ১৯০৭ খ্রি. ঘ) ১৯০৮ খ্রি.

১.১১ ভারতে 'হাফটোন পদ্ধতি' প্রবর্তন করেন -

ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী খ) সুকুমার রায় গ) পঞ্চানন কর্মকার

ঘ) চার্লস উইলকিন্স

১.১২ ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কালটিভেশন অব সায়েন্স - এর যে বিজ্ঞানী নোবেল পুরস্কার পান -

ক) সি. ভি. রমন খ) জগদীশচন্দ্র বসু গ) সত্যেন্দ্রনাথ বসু

ঘ) আচার্য প্রফুল্লচন্দ্র রায়।

১.১৩ বাবা রামচন্দ্র কৃষক আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন -

ক) বিহারে খ) রাজস্থানে গ) বাংলায় ঘ) যুক্তপ্রদেশে।

১.১৪ 'জুডিসিয়াল স্ক্যাণ্ডাল' বলা হয় -

ক) কানপুর ষড়যন্ত্র মামলাকে খ) নাসিক ষড়যন্ত্র মামলাকে

গ) মিরাট ষড়যন্ত্র মামলাকে ঘ) কাকোরি ষড়যন্ত্র মামলাকে।

১.১৫ 'ফ্লাইড কমিশন' যে আন্দোলনের সঙ্গে সম্পর্কযুক্ত -

ক) তেলেঙ্গানা আন্দোলন খ) তেভাগা আন্দোলন

গ) পুন্নাপ্রা - ভায়োলার আন্দোলন গ) বারদৌলি আন্দোলন।

১.১৬ 'মহাত্মা' উপাধি দেওয়া হয় -

ক) জ্যোতিবা ফুলেকে খ) বাবা পদ্মজিকে গ) রামস্বামী নাইকারকে

ঘ) নারায়ণ গুরুকে।

১.১৭ ইংল্যাণ্ডে অনুষ্ঠিত দ্বিতীয় গোলটেবিল বৈঠকে ভারতের একমাত্র মহিলা প্রতিনিধি ছিলেন -

ক) অ্যানি বেসান্ত খ) পদ্মজা নাইডু গ) সরোজিনী নাইডু

ঘ) অরুণা আসফ আলি।

১.১৮ ভারতের স্বাধীনতার সময় ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রী ছিলেন -

ক) নেভিল চেম্বারলেন খ) ক্লিমেন্ট এটলি গ) উইনস্টন চার্চিল

ঘ) রাণী এলিজাবেথ

১.১৯ ওসমান আলি খান শাসক ছিলেন -

ক) হায়দরাবাদের খ) জুনাগড়ের গ) কাশ্মীরের ঘ) মহীশূরের

১.২০ কোচবিহার পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হয় -

ক) ১৯৫০ খ্রি. খ) ১৯৫১ খ্রি. গ) ১৯৫২ খ্রি. ঘ) ১৯৫৩ খ্রি.

## বিভাগ - খ

২। **প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ১৬ টি প্রশ্নের উত্তর দাও।** ১×১৬=১৬

### উপবিভাগ-ক

২.১. শূন্যস্থান পূরণ করো :

২.১.১. 'ইতিহাসবিদ্যাকে অন্যান্য বিদ্যাচর্চার জননী' বলে অভিহিত করেছেন ____________।

২.১.২. পাগলাপন্থি ধর্মের প্রবর্তক ছিলেন ____________।

২.১.৩. সিভিল সার্ভিস পরীক্ষার্থীদের বয়স ২১ বছর থেকে কমিয়ে ১৯ বছর করা হয়েছে ____________ শাসনকালে।

২.১.৪. ____________ছিল পরাধীন ভারতের প্রথম ষড়যন্ত্র মামলা।

### উপবিভাগ-খ

২.২. **ঠিক না ভুল নির্ণয় করো।**

২.২.১. কলকাতা মেডিকেল কলেজ এশিয়ার প্রাচীনতম মেডিকেল কলেজ।

২.২.২. ন্যাথানিয়েল হ্যালহেড 'এ গ্রামার অব্ দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' নামক বইটি ছাপানোর ব্যবস্থা করেন।

২.২.৩. সুভাষচন্দ্র বসু ছিলেন একজন কংগ্রেসী বামপন্থী নেতা।

২.২.৪. ভারতে ভাইকম সত্যাগ্রহের জনক ছিলেন বীরসালিঙ্গম।

### উপবিভাগ-গ

২.৩. 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও :

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
| --- | --- |
| ২.৩.১. বাঙালির ইতিহাস | i) আলেকজাণ্ডার ডাফ |
| ২.৩.২ জেনারেল অ্যাসেম্বলিজ ইন্সটিটিউশন | ii) থম্পসন |
| ২.৩.৩ সোশ্যালিস্ট | iii) নীহাররঞ্জন রায় |
| ২.৩.৪ বেঙ্গল ব্রিটিশ ইণ্ডিয়া | iv) এস. এ. ডাঙ্গে |

## উপবিভাগ - ঘ

২.৪ **প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো ঃ**

২.৪.১ দেশীয় রাজ্য জুনাগড় ২.৪.২ মোপালা বিদ্রোহের এলাকা

২.৪.৩ ভারতছাড়ো আন্দোলনের কেন্দ্র তমলুক

২.৪.৪ সিপাই বিদ্রোহের কেন্দ্র বারাকপুর

## উপবিভাগ - ঙ

২.৫ **বিবৃতি অনুসারে ব্যাখ্যা নির্ণয় করো :**

২.৫.১ বিবৃতি : রামকৃষ্ণদেবে প্রচার করেন 'যত মত তত পথ'

ব্যাখ্যা ১: এই উক্তি প্রমাণ করে যে, তিনি সবধর্মকে সমান চোখে দেখতেন।

ব্যাখ্যা ২: তিনি হয়তো হিন্দুধর্মকে মহান করতে চেয়েছিলেন।

ব্যাখ্যা ৩: এই উক্তির মধ্যে লুকিয়ে ছিল 'শিবজ্ঞানে জীবসেবার' আকুতি।

২.৫.২ বিবৃতি : মুণ্ডারা বিরসাকে 'ধরতি আবা' বলত।

ব্যাখ্যা ১:বিরসার উদ্দেশ্য ছিল ধর্মগুরু হিসেবে মুণ্ডাদের পরিচালিত করতে

ব্যাখ্যা ২: বিরসা অত্যন্ত শক্তিশালী ছিলেন।

ব্যাখ্যা ৩: মুণ্ডা জনগণ মনে করতো বিরসা অলৌকিক শক্তির অধিকারী।

২.৫.৩ বিবৃতি : হিপাহি বিদ্রোহকে অনেকেই ভারতের জাতীয় বিদ্রোহ বলে মনে করেন না।

ব্যাখ্যা ১: বিদ্রোহে কোনো জাতীয় নেতা এবং জাতীয় লক্ষ্য ছিল না।

ব্যাখ্যা ২: এই বিদ্রোহে সিপাহিরা কেবল তাদের স্বার্থ দেখেছিল।

ব্যাখ্যা ৩: সিপাহিদের মধ্যে স্বাক্ষরতার হার ছিল খুবই কম।

২.৫.৪ বিবৃতি : স্বদেশি আন্দোলনে ছাত্রদের অংশগ্রহণকে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় 'স্বনিয়োজিত প্রচারক' বলে উল্লেখ করেছেন।

ব্যাখ্যা ১: এই আন্দোলনে ছাত্রসমাজ স্বত:স্ফূর্তভাবে যোগদান করেছিল

ব্যাখ্যা ২: এই আন্দোলনকে সফল করার জন্য ছাত্ররা বাংলার সর্বত্র পিকেটিং করেছিল

ব্যাখ্যা ৩: এই সময় ছাত্ররা স্বদেশি ভাবধারায় উদ্বুদ্ধ হয়ে স্বদেশি আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিল।

## বিভাগ - গ

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ২×১১=২২

(দুই বা তিনটি বাক্যে ১১টি প্রশ্নের উত্তর দাও)

৩.১ নারীর ইতিহস জানা কেন প্রয়োজন?

৩.২ আধুনিক ভারতের ইতিহাস চর্চায় 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব কী?

৩.৩ 'অকল্যাণ্ড মিনিট' কী?

৩.৪ 'ক্যালকাটা স্কুল বুক সোসাইটি' প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৩.৫ অরণ্য আইনের বিরুদ্ধে আদিবাসীরা কেন বিদ্রোহ ঘোষণা করেছিল?

৩.৬ বাংলাদেশে কোথায়, কে প্রথম নীল চাষের সূচনা করেছিলেন?

৩.৭ সিপাহি বিদ্রোহকে কেন'ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ' বলা যায় না?

৩.৮ 'ইলবার্ট বিল'-এর প্রতিক্রিয়া কী হয়েছিল?

৩.৯ ছাপাখানার জগতে 'শ্রীরামপুর প্রেস'-এর অবদান কী?

৩.১০ 'জাতীয় শিক্ষা পরিষদ' গঠনের উদ্দেশ্য কী ছিল?

৩.১১ 'ম্যাক্সওয়েল তদন্ত কমিটি' কী?

৩.১২ ভারতের সাম্যবাদী শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত দুজন ব্রিটিশ সাম্যবাদীর নাম করো।

৩.১৩ মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন?

৩.১৪ 'পুনা চুক্তি' (১৯৩২ খ্রি.) কেন স্বাক্ষরিত হয়েছিল?

৩.১৫ 'ভারতভুক্তির দলিল' বা 'সংযুক্তি দলিল' বলতে কী বোঝায়?

৩.১৬ 'পুনর্বাসনের যুগ' বলতে কী বোঝ?

## বিভাগ-ঘ

৪। প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও

৪×৬=২৪

### উপবিভাগ - ৪.ক

৪.১ ভারতের স্থানীয় ইতিহাসচর্চার গুরুত্ব কী?

৪.২ শ্রীরামকৃষ্ণেরর সর্বধর্ম সমন্বয়ের আদর্শ ব্যাখ্যা করো।

উপবিভাগ - ৪.খ

৪.৩ ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে 'উডের ডেসপ্যাচ' -এর গুরুত্ব কী

৪.৪ সন্ন্যাসী ও ফকির বিদ্রোহ ব্যর্থ হয় কেন?

উপবিভাগ - ৪.গ

৪.৫ উনিশ শতকে সভা-সমিতিগুলির বৈশিষ্ট উল্লেখ করো।

৪.৬ ছাপাবইয়ের সঙ্গে বাংলায় শিক্ষা বিস্তারের সম্পর্ক আলোচনা করো।

উপবিভাগ - ৪.ঘ

৪.৭ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে নারীদের যোগদানের চরিত্র বিশ্লেষণ করো।

৪.৮ স্বাধীনতার পর ভাষার ভিত্তিতে ভারত কীভাবে পুনর্গঠিত হয়?

বিভাগ - ঙ

৫। **যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ বিংশ শতকে ভারতে শ্রমিক আন্দোলনের কারণ ও ব্যর্থতার কারণগুলি আলোচনা করো। ৫+৩

৫.২ মানুষ, প্রকৃতি ও শিক্ষার সমন্বয় সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তাভাবনা ব্যাখ্যা করো।

৫.৩ নারীমুক্তি আন্দোলনে বিদ্যাসাগরের অবদান মুল্যায়ন করো।

============

2-13.
/11.

# বেগম রোকেয়া স্মৃতি বালিকা বিদ্যালয়

## নির্বাচনী পরীক্ষা — ২০২৫

শ্রেণী ঃ দশম বিষয় - ইতিহাস পূর্ণমান ঃ ৯০

### বিভাগ — ক

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১x২০=২০

১.১ সাবলর্টার্ন গোষ্ঠীর একজন প্রসিদ্ধ ঐতিহাসিক হলেন— (ক) মার্ক ব্লখ (খ) রণজিৎ গুহ (গ) ফার্নান্দ ব্রদেল (ঘ) রমেশচন্দ্র মজুমদার।

১.২ আন্তজাতিক নারীবর্ষ হিসাবে ঘোষিত হয়— (ক) ১৯২৪ (খ) ১৯৭৫ (গ) ১৯৭৬ (ঘ) ১৯৮৮।

১.৩ অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠা হয়— (ক) ১৮২৫ খ্রিঃ (খ) ১৮২৬ খ্রিঃ (গ) ১৮২৭ খ্রিঃ (ঘ) ১৮২৮ খ্রিঃ।

১.৪ বারানসী সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করেন— (ক) ওয়ারেন হেস্টিংস (খ) জোনাথন ডানকান (গ) স্যার উইলিয়াম জোন্স (ঘ) বিদ্যাসাগর।

১.৫ কেশবচন্দ্র সেন কে 'ব্রহ্মানন্দ' উপাধি দেন— (ক) রামচন্দ্র বাগীশ (খ) শিবনাথ শাস্ত্রী (গ) দেবেন্দ্রনাথ ঠাকুর (ঘ) রামমোহন রায়।

১.৬ চাইবাসার যুদ্ধে পরাজিত হয়েছিল— (ক) ইংরেজরা (খ) ভীলরা (গ) কোলরা (ঘ) সাঁওতালরা।

১.৭ 'মেদিনীপুরের লক্ষ্মীবাই' নামে পরিচিত ছিলেন— (ক) রানি কর্ণাবতী (খ) রানি শিরোমনি (গ) দেবী চৌধুরানি (ঘ) রানি দুর্গাবতী।

১.৮ ব্রিটিশ ইন্ডিয়া অ্যাসোসিয়েশন তৈরি হয়েছিল— (ক) জমিদার সভা ব্রিটিশ ইন্ডিয়া সোসাইটি মিলিত হয়ে (খ) বঙ্গভাষা প্রকাশিকা সভা ও জমিদার সভা মিলিত হয়ে (গ) ভারত সভা ও ইন্ডিয়ান লীগ মিলিত হয়ে (ঘ) ভারতসভা ও ব্রিটিশ ইন্ডিয়া সোসাইটি মিলিত হয়ে।

১.৯ বর্তমান ভারত গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল— (ক) ১৮৯৯ খ্রিঃ (খ) ১৯০৫ খ্রিঃ (গ) ১৯০৯ খ্রিঃ (ঘ) ১৯৪৭ খ্রিঃ।

পরবর্তী পৃষ্ঠায়

১.১০ 'স্বদেশ প্রেমের গীতা' হিসাবে পরিচিত ছিল— (ক) বর্তমান ভারত (খ) গোরা (গ) নীলদর্পণ (ঘ) আনন্দমঠ।

১.১১ 'শিশুশিক্ষা' গ্রন্থটি রচনা করেন— (ক) মদনমোহন তর্কালঙ্কার (খ) বিদ্যাসাগর (গ) রামসুন্দর বসাক (ঘ) গোবিন্দপ্রসাদ দাস।

১.১২ 'বেঙ্গল টেকনিকাল ইন্সটিটিউট' প্রতিষ্ঠিত হয়— (ক) ১৯০৫ খ্রিঃ (খ) ১৯০৬ খ্রিঃ (গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১২ খ্রিঃ।

১.১৩ 'স্বদেশ বান্ধব সমিতি' (১৯০৬) প্রতিষ্ঠা করেন— (ক) গান্ধীজী (খ) সুভাষচন্দ্র বসু (গ) চিত্তরঞ্জন দাশ (ঘ) অশ্বিনীকুমার দত্ত।

১.১৪ সর্বভারতীয় কিষাণ সভার প্রথম সভাপতি ছিলেন— (ক) এন. জি. রঙ্গ (খ) স্বামী সহজানন্দ (গ) বাবা রামচন্দ্র (ঘ) মৌলানা ভাসানি।

১.১৫ 'লাঙ্গল' পত্রিকার সম্পাদক ছিলেন— (ক) মুজাফ্ফর আহমদ (খ) হেমন্ত কুমার সরকার (গ) নজরুল ইসলাম (ঘ) কুতুবউদ্দিন আহমদ।

১.১৬ 'দীপালি সংঘ' প্রতিষ্ঠা করেছিলেন— (ক) কল্পনা দত্ত (খ) বাসন্তী দেবী (গ) লীলা নাগ (ঘ) বীণা দাস।

১.১৭ সূর্য সেন প্রতিষ্ঠিত বিপ্লবী দলের নাম ছিল— (ক) অনুশীলন সমিতি (খ) বেঙ্গল ভলান্টিয়ার্স (গ) গদর দল (ঘ) ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি।

১.১৮ সত্য গুপ্ত ছিলেন ________ দলের সদস্য।--- (ক) ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি (খ) বেঙ্গল ভলান্টিয়ার্স (গ) অনুশীলন সমিতি (ঘ) গদর পার্টি।

১.১৯ ভাষাভিত্তিক গুজরাট রাজ্যটি গঠিত হয়— (ক) ১৯৬০ খ্রিঃ (খ) ১৯৬১ খ্রিঃ (গ) ১৯৬২ খ্রিঃ (ঘ) ১৯৬৩ খ্রিঃ।

১.২০ ভারতের স্বাধীনতা লাভের সময় ইংলন্ডের প্রধানমন্ত্রী ছিলেন— (ক) মাউন্টব্যাটেন (খ) ক্লেমেন্ট এটলী (গ) চার্চিল (ঘ) আইজেন হাওয়ার।

পরবর্তী পৃষ্ঠায়

## বিভাগ — খ

২। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে নিয়ে ১৬টি প্রশ্নের উত্তর দাও ঃ

১x১৬=১৬

### উপবিভাগ ঃ ২.১

একটি বাক্যে উত্তর দাও ঃ

১x৪=৪

২.১.১ প্রথম সবাক বাংলা চলচ্চিত্রের নাম কী?

২.১.২ দিগদর্শন পত্রিকার সম্পাদক কে ছিলেন?

২.১.৩ রেভাঃ জেমস লঙ কোন্ অপরাধে অপরাধী সাব্যস্ত হয়েছিলেন?

২.১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন?

### উপবিভাগ ঃ ২.২

ঠিক বা ভুল নির্ণয় কর ঃ

১x৪=৪

২.২.১ প্রথম ভারতীয় শবব্যবচ্ছেদকারী ছিলেন মধুসূদন দত্ত।

২.২.২ 'উলঘুলান' শব্দের অর্থ হল যুদ্ধ।

২.২.৩ বঙ্কিমচন্দ্রের 'দেবী চৌধুরানী' উপন্যাসে নীল বিদ্রোহের বিশদ বিবরণ পাওয়া যায়।

২.২.৪ মির নিসার আলি বাঁশের কেল্লা বানিয়েছিলেন।

### উপবিভাগ ঃ ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও ঃ

১x৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ তারকনাথ পালিত | (১) ল্যান্ড হোল্ডার্স সোসাইটি |
| ২.৩.২ রবীন্দ্রনাথ ঠাকুর | (২) বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট |
| ২.৩.৩ রাধাকান্ত দেব | (৩) হিতৈষী তহবিল |
| ২.৩.৪ বল্লভভাই প্যাটেল | (৪) বারদৌলি আন্দোলন |

### উপবিভাগ ঃ ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত করো ঃ

১x৪=৪

২.৪.১ মহাবিদ্রোহের একটি কেন্দ্র — দিল্লি।

২.৪.২ জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা কেন্দ্র বোম্বাই।

২.৪.৩ বারদৌলি

২.৪.৪ ভারত ছাড়ো আন্দোলনের কেন্দ্র তমলুক।

পরবর্তী পৃষ্ঠায়

## উপবিভাগ ঃ ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন কর ঃ ১x৪=৪

২.৫.১ বিবৃতি ঃ সরলাদেবী চৌধুরানী 'লক্ষ্মীর ভান্ডার' প্রতিষ্ঠা করেছিলেন।
ব্যাখ্যা-১ ঃ বিদেশী পণ্য বিক্রির জন্য।
ব্যাখ্যা-২ ঃ আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য
ব্যাখ্যা-৩ ঃ স্বদেশী পণ্য বিক্রির জন্য।

২.৫.২ বিবৃতি ঃ 'একা' আন্দোলন সংঘটিত হয়েছিল উত্তরপ্রদেশে।
ব্যাখ্যা-১ ঃ এটি ছিল ব্যক্তিগত আন্দোলন।
ব্যাখ্যা-২ ঃ এটি ছিল একটি কৃষক আন্দোলন।
ব্যাখ্যা-৩ ঃ এটি একটি শ্রমিক আন্দোলন ছিল।

২.৫.৩ বিবৃতি ঃ ১৯০৫ খ্রিষ্টাব্দে স্বদেশি আন্দোলন শুরু হয়—
ব্যাখ্যা-১ ঃ বিদেশী পণ্য খুব নিম্নমানের ছিল।
ব্যাখ্যা-২ ঃ শিক্ষিত বাঙালিরা বিদেশি শাসন মানতে রাজি ছিল না।
ব্যাখ্যা-৩ ঃ স্বদেশি আন্দোলনের প্রেরণা ছিল বঙ্গভঙ্গ।

২.৫.৪ বিবৃতি ঃ কাশ্মীরের শাসক হরি সিং ১৯৪৭ খ্রিঃ ভারতভুক্তির দলিলে স্বাক্ষর করতে বাধ্য হন—
ব্যাখ্যা-১ ঃ ভারতীয় সেনা কাশ্মীর দখল করে নিয়েছিল।
ব্যাখা-২ ঃ পাকিস্তান বাহিনী কাশ্মীর আক্রমণ করেছিল।
ব্যাখ্যা-৩ ঃ ব্রিটিশ সেনা কাশ্মীর দখল করতে উদ্যত হয়েছিল।

## বিভাগ — গ

৩। দুটি অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ (যেকোন ১১টি) ২x১১=২২

৩.১ সরকারি নথিপত্র বলতে কী বোঝায়?
৩.২ নতুন সামাজিক ইতিহাস কী?
৩.৩ শিক্ষাক্ষেত্রে 'চুঁইয়ে পড়া' নীতি বলতে কী বোঝো?
৩.৪ বাংলার নবজাগরণ বলতে কী বোঝায়?
৩.৫ খুৎকাঠি প্রথা কী?
৩.৬ সন্ন্যাসী-ফকির বিদ্রোহ ব্যর্থ হল কেন?
৩.৭ ব্যঙ্গচিত্র আঁকা হয় কেন?

পরবর্তী পৃষ্ঠায়

৩.৮ উনিশ শতকের বাংলায় জাতীয়তাবাদের বিকাশে বঙ্কিমচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল।

৩.৯ বাংলা ছাপাখানার বিকাশে লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?

৩.১০ চার্লস উইলকিনস কে ছিলেন?

৩.১১ আল্লুরি সীতারম রাজু কে ছিলেন?

৩.১২ ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি কেন প্রতিষ্ঠিত হয়েছিল?

৩.১৩ 'দলিত' কাদের বলা হয়?

৩.১৪ কোমাগাতামারুর ঘটনা কী?

৩.১৫ 'ভারত ভুক্তির দলিল' বা ইন্সট্রুমেন্ট অব অ্যাকসেশন কী?

৩.১৬ উদ্‌বাস্তু সমস্যা বলতে কী বোঝায়?

## বিভাগ — ঘ

৪। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে নিয়ে সাত-আটটি বাক্যে যেকোনো ৬টি প্রশ্নের উত্তর দাও ঃ

৪x৬=২৪

### উপবিভাগ ঃ ৪.১

৪.১.১ 'উডের নির্দেশনামা' (১৮৫৪) কে এদেশের শিক্ষাবিস্তারের মহাসনদ বলা হয় কেন?

৪.১.২ নব্যবঙ্গ আন্দোলনের সীমাবদ্ধতা কী ছিল?

### উপবিভাগ ঃ ৪.২

৪.২.১ টীকা লেখো ঃ হিন্দুমেলা

৪.২.২ মহাবিদ্রোহের প্রতি শিক্ষিত বাঙালি সমাজের মনোভাব কী ছিল?

### উপবিভাগ ঃ ৪.৩

৪.৩.১ ভারতে বামপন্থী ভাবধারার প্রসারে মানবেন্দ্রনাথ রায়ের অবদান কী?

৪.৩.২ টীকা লেখো ঃ একা আন্দোলন

### উপবিভাগ ঃ ৪.৪

৪.৪.১ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে বেঙ্গল ভলান্টিয়ার্স দলের ভূমিকা বিশ্লেষণ করো।

৪.৮ দলিত আন্দোলন বিষয়ে গান্ধী-আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখো।

পরবর্তী পৃষ্ঠায়

## বিভাগ — ঙ

৫। পনেরো বা ষোলটি বাক্যে যেকোন ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৮x১=৮

৫.১ উনিশ শতকের বাংলার সমাজ সংস্কার আন্দোলনে ব্রাহ্ম সমাজের ভূমিকা আলোচনা কর।

৫.২ টীকা লেখো ঃ ভারত সভা

৫.৩ বারদৌলি আন্দোলনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। তুমি কি মনে করো যে এই আন্দোলন ভূমিহীন কৃষকশ্রেণি এবং কৃষি-শ্রমিকদের স্বার্থ রক্ষায় সফল হয়েছিল?

# Bidhan Chandra Memorial Govt. Girls' High School

## Test Examination - 2025

**Class - X**

**Subject - History**

**Full Marks : 90**

বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ- ১×২০=২০

১.১ বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় -

ক) ৫ই জানুয়ারী খ) ৫ই ফেব্রুয়ারী গ) ৫ই মে ঘ) ৫ই জুন।

১.২ ''জীবনের ঝরাপাতা'' গ্রন্থটি হল একটি —

ক) উপন্যাস খ) কাব্যগ্রন্থ গ) জীবনীগ্রন্থ ঘ) আত্মজীবনী।

১.৩ নীলদর্পণ নাটকটি ছাপা হয়েছিল --

ক) নদীয়াতে খ) ঢাকায় গ) শ্রীরামপুর ঘ) কলকাতায়।

১.৪ ''সন্ন্যাসী বিদ্রোহ'' কথাটি প্রথম ব্যবহার করেন -

ক) ভিনসেন্ট স্মিথ খ) জেমস মিল গ) ওয়ারেন হেস্টিংস

ঘ) লর্ড কর্নওয়ালিশ।

১.৫ 'হুল' কথাটির অর্থ হল —

ক) ঈশ্বর খ) স্বাধীনতা গ) অস্ত্র ঘ) বিদ্রোহ।

১.৬ মোপালা বিদ্রোহ (1921) হয়েছিল -

ক) মালাবার উপকূলে খ) কোঙ্কণ উপকূলে

গ) গোদাবরী উপত্যকায় ঘ) তেলেঙ্গানা অঞ্চলে।

১.৭ ১৮৫৭ খ্রিষ্টাব্দের বিদ্রোহকে ভারতের স্বাধীনতা যুদ্ধ বলেছেন -

ক) রমেশচন্দ্র মজুমদার খ) সুরেন্দ্রনাথ সেন

গ) বিনায়ক দামোদর সভারকর ঘ) দাদাভাই নৌরজী।

Scanned with OKEN Scanner

১.৮ ভারতসভার প্রথম সভাপতি ছিলেন --

ক) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় খ) আনন্দমোহন বসু

গ) শিবনাথ শাস্ত্রী ঘ) ডঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়।

১.৯ ''বন্দেমাতরম'' সঙ্গীটি রচনা করেন -

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) সত্যেন্দ্রনাথ ঠাকুর

গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) স্বামী বিবেকানন্দ।

১.১০ বয়কট আন্দোলনের ফলে আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছিল -

ক) বাংলার কৃষকশ্রেণী খ) মধ্যবিত্ত শ্রেণী গ) সামন্তশ্রেণী

ঘ) মহারাজ।

১.১১ দিকদর্শন এর সম্পাদক ছিলেন —

ক) উইলিয়াম কেরি খ) জোশুয়া মার্শম্যান গ) ফেলিক্স কেরি

ঘ) জন ক্লার্ক মার্শম্যান।

১.১২ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল —

ক) ভারতসভা খ) বঙ্গভাষা প্রকাশিকা সভা গ) জমিদার সমিতি

ঘ) ভারতের জাতীয় কংগ্রেস।

১.১৩ বাংলাভাষায় প্রথম সচিত্র পুস্তক প্রকাশ করেন —

ক) উইলিয়াম কেরী খ) মালাধর বসু গ) গঙ্গাকিশোর ভট্টাচার্য

ঘ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

১.১৪ 'বিধবা পুনর্বিবাহ'' আইন প্রচলনের সঙ্গে যুক্ত অন্যতম ব্যক্তিত্ব হলেন—

ক) রাজা রামমোহন রায় খ) রাজা রাধাকান্ত দেব

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) ডিরোজিও

১.১৫ গিরনি-কামাগাড় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়েছিল -

ক) ১৯১৮ খ্রিঃ খ) ১৯২২ খ্রিঃ গ) ১৯২৮ খ্রিঃ ঘ) ১৯৩২ খ্রিঃ



Scanned with OKEN Scanner

১.১৬ বীণাদাস বাংলার ছোটোলাট স্ট্যানলি জ্যাকসনকে হত্যা করার চেষ্টা করেন-

ক) ১৯২৮ খ্রিঃ খ) ১৯৩০ খ্রিঃ গ) ১৯৩২ খ্রিঃ ঘ) ১৯৩৬ খ্রিঃ

১.১৭ মাদ্রাজে "আত্মসম্মান আন্দোলন" শুরু করেন –

ক) রামাস্বামী নাইয়ার খ) নারায়ণ গুরু গ) ভীমরাও আম্বেদকর

ঘ) গান্ধিজী।

১.১৮ পুনর্গঠিত কেরল রাজ্যটি অবস্থিত ছিল —

ক) গোদাবরী উপত্যকায় খ) দক্ষিণ ওড়িশায়

গ) কাথিয়াবাড় উপদ্বীপে ঘ) মালাবার উপকূলে।

১.১৯ আয়তনে সবথেকে বড় দেশীয় রাজ্যটি হল –

ক) কাশ্মীর খ) হায়দরাবাদ গ) জুনাগড় ঘ) মহীশুর।

১.২০ "Train to Pakistan" গ্রন্থটি লিখেছেন –

ক) জওহরলাল নেহেরু খ) ভি. পি. মেনন গ) খুশবন্ত সিং

ঘ) সলমন রুশদি।

## বিভাগ - খ

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ- (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও)। ১×১৬=১৬

### উপবিভাগ ঃ

২.১ একটি বাক্যে উত্তর দাও ঃ

২.১.১ বিপিনচন্দ্র পালের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী ?

২.১.২ মহাফেজ খানা কী ?

২.১.৩ উনিশ শতককে কে সভা-সমিতির যুগ বলে অভিহিত করেন ?

২.১.৪ গান্ধিবুড়ি নামে কে পরিচিত ?

### উপবিভাগ ঃ

২.২ ঠিক বা ভুল নির্ণয় করো ঃ

২.২.১ ফরাজী আন্দোলনের নেতা ছিলেন তিতুমির



Scanned with OKEN Scanner

২.২.২ সিপাহী বিদ্রোহে সব থেকে বেশি পরিমানে যোগদান করেছিল বাংলা।

২.২.৩ প্রথম শবব্যবচ্ছেদকারী ভারতীয় ছিলেন মধুসূদন দত্ত।

২.২.৪ বাংলায় লাইনোটাইপ প্রবর্তন করেন বিদ্যাসাগর।

উপবিভাগ ঃ

২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও ঃ-

| | ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|---|
| ২.৩.১ | বীরেন্দ্রনাথ শাসমল | ১) তারক নাথপালিত |
| ২.৩.২ | রাজা রাধাকান্ত দেব | ২) লীলা নাগ রায় |
| ২.৩.৩ | বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট | ৩) অসহযোগ আন্দোলন |
| ২.৩.৪ | দীপালি সংঘ | ৪) ল্যান্ডহোল্ডার্স সোসাইটি |

উপবিভাগ ঃ

২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেকা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত করো –

২.৪.১ গণভোটের মাধ্যমে ভারত অন্তর্ভূক্ত দেশীয় রাজ্য।

২.৪.২ বোম্বাই ।

২.৪.৩ বারাসাত।

২.৪.৪ নীল বিদ্রোহের এলাকা 'নদীয়া'।

উপবিভাগ ঃ

২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো -

২.৫.১ বিবৃতি ঃ উনিশ শতকে বাংলায় প্রথম নবজাগরণ ঘটেছিল

ব্যাখ্যা ১ ঃ কারণ বাংলার গ্রামীন পরিবেশ।

ব্যাখ্যা ২ ঃ কারণ বাঙ্গালীরাই কেবল মেধাবী ছিল।

ব্যাখ্যা ৩ ঃ কারণ বাংলাই ছিল ঔপনিবেশিক শাসনের প্রধান কেন্দ্র।



Scanned with OKEN Scanner

২.৫.২ বিবৃতি : বারদৌলি সত্যাগ্রহ অনুষ্ঠিত হয় ১৯২৮ খ্রিষ্টাব্দে।

ব্যাখ্যা : ১ : এই আন্দোলন ছিল ভূ-স্বামী ধনী কৃষকদের অত্যাচারের বিরুদ্ধে ভূমিহীন দরিদ্র কৃষি শ্রমিকদের আন্দোলন।

ব্যাখ্যা : ২ : এই আন্দোলন ছিল রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে সরকারের বিরুদ্ধে ভূ-স্বামী ধনী কৃষকশ্রেণীর আন্দোলন।

ব্যাখ্যা : ৩ : এই আন্দোলন ছিল ভূমি রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে ভূমিহীন দরিদ্র কৃষকশ্রেণী এবং ভূ-স্বামী ধনী কৃষক শ্রেণীর মিলিত আন্দোলন।

২.৫.৩ বিবৃতি : ঔপনিবেশিক সরকার উপজাতিদের জন্য "দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সি" নামে একটি পৃথক অঞ্চল গঠন করেছিল।

ব্যাখ্যা : ১ : এটি গঠিত হয়েছিল চুয়াড় বিদ্রোহের পর

ব্যাখ্যা : ২ : এটি গঠিত হয়েছিল কোল বিদ্রাহের পর

ব্যাখ্যা : ৩ : এটি গঠিত হয়েছিল মুণ্ডা বিদ্রোহের পর।

২.৫.৪ বিবৃতি : পরাধীন ভারতে মোপালা বিদ্রোহ সংঘটিত হয়েছিল।

ব্যাখ্যা : ১ : এটি ছিল একটি জঙ্গি কৃষক আন্দোলন।

ব্যাখ্যা : ২ : এটি একটি উপজাতি বিদ্রোহ ছিল।

ব্যাখ্যা : ৩ : এটি ছিল শিল্প শ্রমিকদের একটি অভ্যুত্থান।

## বিভাগ - গ

৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যেকোনো ১১টি) :- ২×১১=২২

৩.১ প্রাচ্য পাশ্চাত্যের দ্বন্দ বলতে কী বোঝ ?

৩.২ মেকলে মিনিট কী ?

৩.৩ সামাজিক ইতিহাস বলতে কী বোঝায় ?

৩.৪ সিপাহী বিদ্রোহের প্রত্যক্ষ কারণটি কী ছিল।

৩.৫ মহারানীর ঘোষণা পত্র বলতে কী বোঝ।

৩.৬ শ্রীরামপুর ত্রয়ী কারা ?

৩.৭ হাফটোন ব্লক প্রিন্টিং কী ?



Scanned with OKEN Scanner

৩.৮ 'হিতৈষী তহল্লিল' কে কেন গড়ে তোলেন।

৩.৯ ''স্বদেশী বয়কট'' বলতে কী বোঝ ?

৩.১০ ব্রতী সমিতি ও সুহৃদ সমিতি কোন্ কোন্ অঞ্চলে গড়ে উঠেছিল ?

৩.১১ কোন্ বিপ্লবী তাঁর দলের নাম পরিবর্তন করে রাখেন ''ইণ্ডিয়ান রিপাবলিকান আর্মি''। তিনি কী নামে পরিচিত ?

৩.১২ পুণা চুক্তি কী ?

৩.১৩ প্রত্যক্ষ সংগ্রাম কী ?

৩.১৪ জেভিপি কমিটি কী ?

৩.১৫ কী পরিস্থিতিতে রাজা হরি সিং ভারত ভুক্তি দলিলে স্বাক্ষর করেন।

৩.১৬ পত্তি শ্রীরামালু কে ছিলেন ?

## বিভাগ - ঘ

৪। সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ- (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে।

৪×৬=২৪

### উপবিভাগ - ১

১.৪.১ টীকা লেখো ঃ নারী ইতিহাস।

৪.২ উচ্চ শিক্ষা বিস্তারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো।

### উপবিভাগ - ২

৪.৩ কী উদ্দেশ্যে ঔপনিবেশিক সরকার অরণ্য আইন প্রণয়ন করেন ?

৪.৪ বাংলা তথা ভারতের জাতিয়তাবোধের বিকাশে স্বামী বিবেকানন্দের অবদান আলোচনা কর।

### উপবিভাগ - ৩

৪.৫ জাতীয় শিক্ষা ব্যাবস্থা গঠিত হওয়ার পরিপ্রেক্ষিতটির ওপর আলোকপাত করো।

৪.৬ একা আন্দোলনের একটি সমালোচনামুলক বিবরণ দাও।



Scanned with OKEN Scanner

## উপবিভাগ - ৪

৪.৭ টীকা লেখো ঃ রসিদআলি দিবস।

৪.৮ সংক্ষীপ্ত টীকা লেখো ঃ দেশ বিভাগ (১৯৪৭) জনিত উদ্বাস্তু সমস্যা।

## বিভাগ - ঙ

৫। **পনেরো বা ষোলোটি বাক্যে যে কোন ১টি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৮×১=৮

৫.১ উনিশ শতকের বাংলায় সমাজসংস্কার আন্দোলনে ব্রাহ্মসমাজগুলির কীরূপ ভূমিকা ছিল?

৫.২ মানুষ, প্রকৃতি ও শিক্ষার সমন্বয় বিষয়ে রবীন্দ্রনাথের চিন্তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

## প্রজেক্ট - ১০

Scanned with OKEN Scanner

# BIDHANNAGAR GOVT. HIGH SCHOOL
## Test Examination - 2025
## Class-X
## Sub-History

**F.M.- 90** **Time- 3 hrs. 15 mins.**

বিভাগ-ক

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : (১×২০=২০)

১.১ ভারতে প্রথম অরণ্য আইন পাশ হয়–

(ক) ১৮৫৯ খ্রিঃ (খ) ১৮৬০ খ্রিঃ (গ) ১৮৬৫ খ্রিঃ (ঘ) ১৮৭৮ খ্রিঃ।

১.২ 'দামিন-ই-কোহ' শব্দের অর্থ হল–

(ক) জমির প্রান্তদেশ (খ) সমুদ্রের প্রান্তদেশ

(গ) পাহাড়ের প্রান্তদেশ (ঘ) অরণ্যের প্রান্তদেশ।

১.৩ ভারতের রাজনীতিতে 'লৌহমানব' বলে পরিচিত ছিলেন–

(ক) মহাত্মা গান্ধি (খ) সর্দার বল্লভভাই প্যাটেল

(গ) মহম্মদ আলি জিন্নাহ (ঘ) রাজেন্দ্রপ্রসাদ।

১.৪ মোপলা বিদ্রোহ (১৯২১ খ্রিঃ) হয়েছিল–

(ক) মালাবার উপকূলে (খ) কোঙ্কন উপকূলে

(গ) গোদাবরী উপত্যকায় (ঘ) তেলেঙ্গানা অঞ্চলে।

১.৫ মাহার সত্যাগ্রহ শুরু করেন–

(ক) এম.কে. গান্ধি (খ) আম্বেদকর

(গ) শ্রীনারায়ণ গুরু (ঘ) জ্যোতিরাও ফুলে।

১.৬ ' ভারত স্ত্রী মহামণ্ডল' প্রতিষ্ঠা করেন–

(ক) লীলা রায় (খ) সরলাদেবী চৌধুরানী

(গ) উর্মিলা দেবী (ঘ) সুনীতি দেবী।

১.৭ নতুন সামাজিক ইতিহাসে বলা হয়েছে–

(ক) রাজা-মহারাজাদের কথা (খ) প্রজা সাধারণের কথা

(গ) সাধারণ মানুষের কথা (ঘ) সমাজবিদ্যার কথা।

১.৮ 'বন্দেমাতরম' সংগীতটি–

(ক) 'আনন্দমঠ' (খ) 'বর্তমান ভারত'

(গ) 'দুর্গেশনন্দিনী' (ঘ) 'কপালকুণ্ডলা'-এর অন্তর্গত।

১.৯ সাধারণ জনশিক্ষা কমিটি গঠিত হয়–

(ক) ১৭১৩ খ্রিঃ (খ) ১৮১৬ খ্রিঃ (গ) ১৮১৮ খ্রিঃ (ঘ) ১৮২৩ খ্রিঃ ।

১.১০ সরকারি নথি সংরক্ষিত হয় –

(ক) সংগ্রহশালায় (খ) জাতীয় গ্রন্থাগারে

(গ) জাতীয় মহাফেজখানায় (ঘ) জাদুঘরে।

১.১১ সিপাহী বিদ্রোহের সময় ভারতের বড়োলাট ছিলেন–

(ক) লর্ড বেন্টিঙ্ক (খ) লর্ড ডালহৌসী

(গ) লর্ড ওয়েলেসলি (ঘ) লর্ড ক্যানিং।

১.১২ 'বামাবোধিনী' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন–

(ক) উমেশচন্দ্র দত্ত (খ) শিশিরকুমার ঘোষ

(গ) সন্তোষকুমার দত্ত (ঘ) দ্বারকানাথ বিদ্যাভূষণ।

১.১৩ 'ট্রেন টু পাকিস্তান' গ্রন্থটির লেখক –

(ক) জওহরলাল নেহেরু (খ) ভি.পি. মেনন

(গ) খুশবন্ত সিং (ঘ) সলমন রুশদি।

১.১৪ 'নারী কর্মমন্দির' প্রতিষ্ঠা করেছিলেন–

(ক) উর্মিলা দেবী (খ) বাসন্তী দেবী (গ) কল্পনা দত্ত (ঘ) লীলানাগ ঘোষ।

১.১৫ ভারতের 'Uncle Tom's Cabin' কাকে বলা হয়–

(ক) গোরা উপন্যাসকে (খ) বর্তমান ভারতকে

(গ) নীলদর্পণ নাটককে (ঘ) আনন্দমঠ উপন্যাসকে।

১.১৬ বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়–

(ক) ১৯০৫ খ্রিঃ (খ) ১৯০৬ খ্রিঃ (গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১২ খ্রিঃ।

১.১৭ ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারে বেমানান নামটি হল –

(ক) রাজা রামমোহন রায় (খ) কালীপ্রসন্ন সিংহ

(গ) ডেভিড হেয়ার (ঘ) ড্রিংকওয়াটার বিটন।

১.১৮ ভারতে 'হাফটোন' পদ্ধতি প্রবর্তন করেন–

(ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (খ) সুকুমার রায়

(গ) পঞ্চানন কর্মকার (ঘ) চার্লস উইলকিনস্।

১.১৯ 'দেশপ্রাণ' নামে পরিচিত ছিলেন–

(ক) সতীশচন্দ্র সামন্ত (খ) অশ্বিনী কুমার দত্ত

(গ) বীরেন্দ্রনাথ শাসমল (ঘ) যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

১.২০ 'সোশ্যালিস্ট' পত্রিকা সম্পাদনা করেন–

(ক) কাজী নজরুল ইসলাম (খ) মুজফ্ফর আহমেদ

(গ) পি. সি. যোশি (ঘ) এস.এ. ডাঙ্গে।

## বিভাগ-খ

২। যে কোনো ষোলোটি প্রশ্নের উত্তর দাও: (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) (১×১৬=১৬)

### উপবিভাগ-২.১

একটি বাক্যে উত্তর দাও:

২.১.১ 'শের-ই-বাংলা' নামে কে পরিচিত?

২.১.২ মতুয়া সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?

২.১.৩ 'গ্রিণ ইম্পিরিয়ালিজম' গ্রন্থের লেখক কে?

২.১.৪ কে কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন?

## উপবিভাগ-২.২

**ঠিক না ভুল নির্ণয় করো:**

২.২.১ 'দার-উর-ইসলাম' কথার অর্থ বিধর্মীদের দেশ।

২.২.২ 'রশিদ আলি দিবস' পালিত হয় কলকাতায়।

২.২.৩ মধ্যবিত্ত শিক্ষিত বাঙালীকে নৃত্যের বিষয়ে আগ্রহী করে তুলেছিলেন উদয় শংকর।

২.২.৪ 'দিগদর্শন' বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সাময়িক পত্রিকা।

## উপবিভাগ-২.৩

**ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মেলাও ঃ**

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| ১. লুমেয়ের ভ্রাতৃদ্বয় | (ক) পাগলপন্থী বিদ্রোহ |
| ২. সাধারণ ব্রাহ্ম সমাজ | (খ) লর্ড ক্যানিং |
| ৩. ভারতের প্রথম ভাইসরয় | (গ) চলচ্চিত্রের আবিষ্কার |
| ৪. টিপু শাহ | (ঘ) শিবনাথ শাস্ত্রী |

## উপবিভাগ-২.৪

**প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখ:**

২.৪.১ ব্যারাকপুর,

২.৪.২ শান্তিনিকেতন আশ্রম,

২.৪.৩ মিরাট,

২.৪.৪ নীলবিদ্রোহের একটি কেন্দ্র।

## উপবিভাগ-২.৫

নিচের বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :

২.৫.১ বিবৃতি : উনিশ শতকে বাংলায় নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত।

ব্যাখ্যা-১ : শুধুমাত্র গ্রাম বাংলায় নবজাগরণ হয়েছিল।

ব্যাখ্যা-২ : এর পরিধি সীমিত ছিল শুধুমাত্র সাহিত্যচর্চার ক্ষেত্রে।

ব্যাখ্যা-৩ : এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যেই সীমিত ছিল।

২.৫.২ বিবৃতি : গগনেন্দ্রনাথ ঠাকুর তাঁর ব্যাঙ্গচিত্রগুলিতে বাঙালি বাবুদের সমালোচনা করেছেন।

ব্যাখ্যা-১ : বাঙালী বাবুরা পাশ্চাত্য সভ্যতার অনুয়াযী ছিলেন।

ব্যাখ্যা-২ : বাঙালী বাবুরা ইংরেজি শিক্ষার বিরোধী ছিলেন।

ব্যাখ্যা-৩ : বাঙালী বাবুরা দরিদ্র ছিলেন।

২.৫.৩ বিবৃতি : ১৯৫০ খ্রি: ফুটবল বিশ্বকাপ ভারত খেলার অধিকার পেলেও খেলতে পারেনি।

ব্যাখ্যা-১ : ভারত এই প্রতিযোগিতায় ঠিক সময়ে পৌঁছাতে পারেনি।

ব্যাখ্যা-২ : ভারত ফি সময় মতো দিতে পারেনি।

ব্যাখ্যা-৩ : ভারতীয়রা খালি পায়ে খেলতে চেয়েছিল বলে।

২.৫.৪ বিবৃতি : ফরাজি আন্দোলন শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছিল।

ব্যাখ্যা-১ : সরকার দমননীতির কঠোরতার জন্য।

ব্যাখ্যা-২ : এই আন্দোলনের নেতাদের বাস্তব অভিজ্ঞতা ও রাজনৈতিক চেতনার অভাব ছিল।

ব্যাখ্যা-৩ : নিম্নবর্গের মানুয আন্দোলনে যোগ না দেওয়ার জন্য।

## বিভাগ-গ

৩। দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও: (যে কোন ১১টি) (২×১১=২২)

৩.১ তিন আইন কী?

৩.২ সরকারি নথিপত্র বলতে কী বোঝায়?

৩.৩ বাংলা লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?

৩.৪ তেভাগা আন্দোলনের প্রধান দাবিগুলি কী?

৩.৫ চুঁইয়ে পড়া শিক্ষা নীতি কী?

৩.৬ মাহাদ মার্চ কী?

৩.৭ রবীন্দ্রনাথ ঠাকুর কেন বিশ্বভারতী প্রতিষ্ঠা করেন?

৩.৮ শ্বেতবিদ্রোহ কী?

৩.৯ তিনকাঠিয়া প্রথা কী?

৩.১০ পরিবেশের ইতিহাসের গুরুত্ব কী?

৩.১১ ভারতীয় স্বাধীনতা আইন কী?

৩.১২ বিপ্লব ও বিদ্রোহের মধ্যে মূলগত পার্থক্য কী?

৩.১৩ গগনেন্দ্রনাথ ঠাকুর কীভাবে ঔপনিবেশিক সমাজের সমালোচনা করেছিলেন?

৩.১৪ অলিন্দ যুদ্ধ কী?

৩.১৫ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে কৃষক সমাজ আগ্রহী ছিল না কেন?

৩.১৬ 'ধর কমিশন (১৯৪৮ খ্রি:)' কেন গঠিত হয়েছিল?

## বিভাগ-ঘ

৪। ৭-৮টি বাক্যে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও: (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত দুটি প্রশ্নের উত্তর দিতে হবে) (৪×৬=২৪)

### উপবিভাগ-ঘ.১

৪.১ টীকা লেখ :- উডের ডেসপ্যাচ।

৪.২ নারী শিক্ষা প্রসারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান।

৪.৩ ১৮৫৫ খ্রি: সাঁওতাল বিদ্রোহের কারণগুলো লেখ।

৪.৪ ইন্দিরা গান্ধিকে লেখা জওহরলাল নেহেরুর চিঠি থেকে কীভাবে আধুনিক ভারতের ইতিহাসের উপাদান পাওয়া যায়?

## উপবিভাগ-ঘ.২

৪.৫ দলিত আন্দোলন বিষয়ে গান্ধি আম্বেদকর বিতর্ক লেখ।

৪.৬ ছাপা বই-এর সঙ্গে শিক্ষা বিস্তারের সম্পর্ক বিশ্লেষণ করো।

৪.৭ টীকা লেখো: একা আন্দোলন।

৪.৮ কাশ্মির সমস্যার প্রকৃতি ও প্রভাব লেখো।

## বিভাগ-ঙ

৫। পনেরো ষোলোটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: (৮×১=৮)

৫.১ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে ছাত্র সমাজের ভূমিকা আলোচনা করো।

৫.২ ১৮৫৭ খ্রি: মহাবিদ্রোহের প্রকৃতি আলোচনা করো।

৫.৩ প্রকৃতি, মানুষ ও শিক্ষার সমন্বয় বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তাধারার পরিচয় দাও।

# BIRBHUM ZILLA SCHOOL

## Madhyamik Test Examination - 2025

Class-X, Sub-HISTORY, F.M.-90

### বিভাগ - ক

১. সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ- ১ X ২০ = ২০

১.১) ভারতীয় সঙ্গীতের প্রথম উৎসস্থল হল ----- ক) ঋকবেদ (খ) যর্জুবেদ (গ) সামবেদ (ঘ) অথর্ব বেদ

১.২) 'An Indian Pilgrim' কার আত্মজীবনী -----ক) অরবিন্দ ঘোষ (খ) মদন মোহন মলব্য (গ) মাতঙ্গিনি হাজরা (ঘ) সুভাষচন্দ্র বোসু।

১.৩) কলকাতা মাদ্রাসা কতসালে স্থাপিত হয় -----
ক) 1781 (খ) 1792 (গ) 1800 (ঘ) 1806 সালে।

১.৪) 'শব্দ কল্পদ্রুমর' গ্রন্থটি রচনা করেন ----ক) বিদ্যাসাগর (খ) গোরমোহন (গ) রাধাকান্ত দেব (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

১.৫) কলকাতা বিশ্ব বিদ্যালয়ের প্রথম মুসলিম স্নাতক -----ক) ফজলুল হক (খ) রগমৎ আলি (গ) দেলওয়ারা হোসেন (ঘ) অলিমুল্লাহ।

১.৬) চুয়ার বিদ্রোহে নেতৃত্ব দেন ----ক) দুর্জন সিং (খ) জগন্নাথ ধল (গ) রাণী সিরোমনি (ঘ) সবকটি।

১.৭) কোলবিদ্রোহ কোন গভর্নর জেনারেলের সময় হয় ----ক) হেস্টিংস (খ) আমহার্স্ট (গ) বেন্টিঙ্ক (ঘ) ডালহৌসি।

১.৮) নানাসাহেব কোথায় সিপাহি বিদ্রোহে নেতৃত্ব দেন -----ক) নাগপুর (খ) কানপুর (গ) বেরিলি (ঘ) দিল্লি।

১.৯) 'The sepoy mutiny and revolt' গ্রন্থের রচয়িতা হলেন ----ক) রমেশ চন্দ্র দত্ত (খ) রমেশচন্দ্র মজুমদার (গ) সুরেন্দ্রনাথ সেন (ঘ) কেউনয়।

১.১০) নাট্যাভিনয় নিয়ন্ত্রন আইন পাশ হয় ------ক) 1870 (খ) 1872 (গ) 1874 (ঘ) 1876 সালে।

১.১১) জাতীয় শিক্ষা পরিষদের প্রথম সভাপতি হলেন ----ক) রাসবিহারি বসু (খ) সত্যেন্দ্রনাথ ঠাকুর (গ) অরবিন্দ ঘোষ (ঘ) রাসবিহারি ঘোষ।

১.১২) বয়কট আন্দোলনের ডাক দেওয়া হয় ---ক)-শ্রমজীবি (খ) সঞ্জিবনী (গ) বামাবোধিনি (ঘ) দেশপত্রিকায়।

১.১৩) 'শের-ই-বাংলা' নামে পরিচিত ছিলেন ----ক) ফজলুল হক (খ) সিরাউদ্দৌলা (গ) মহঃ ইকবাল (ঘ) রহমৎ আলি।

১.১৪) 'নিজ খামারে ধান তোলো' স্লোগানটি হল ----ক) রুম্পা (খ) তেভাগা (গ) তেলেঙ্গানা (ঘ) পাবনা বিদ্রোহের।

১.১৫.) বীরাষ্টমী ব্রত কথাটি রচনা করেন -----ক) সরলাদেবী চৌধুরানী (খ) রমেন্দ্র সুন্দর ত্রিবেদী (গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) অরবিন্দ ঘোষ।

১.১৬. 'Voice of Freedom' বেতার কেন্দ্র গঠন করেন ---ক) ঊষারাণী ঠাকুর (খ) ঊষা উত্থুপ (গ) ঊষা মেহতা (ঘ) ঊষা গুপ্তা।

১.১৭. আত্মসম্মান আন্দোলন' করেন -----ক) আম্বেদকর (খ) রামস্বামী নাইকার (গ) নারায়ণ গুরু (ঘ) কেউ নয়।

১.১৮.) ভারতের প্রথম সাধারণ নির্বাচন পরিচালনা করেন ----ক) জওহরলাল (খ) বল্লভ ভাই প্যাটেল (গ) সুকুমার সেন (ঘ) জয়ন্ত চৌধুরী।

১.১৯.) পুরুলিয়া জেলাটি কতসালে পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্ত হয় ---ক) 1950 (খ) 1956 (গ) 1960 (ঘ) 1971 সালে।

১.২০.) 'অর্ধেক জীবন' গ্রন্থটি রচনা করেন ---ক) সুনীল গঙ্গোপাধ্যায় (খ) প্রফুল্ল চক্রবর্তী (গ) প্রফুল্ল রায় (ঘ) সুভাষ চন্দ্র বসু।

## বিভাগ-খ

**2. যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে একটি প্রশ্নের উত্তরদান আবশ্যক):-** **১ X ১৬ = ১৬**

উপবিভাগ ২.১ দু-এক কথায় উত্তর দাও :-

২.১.১. অশান্ত অরণ্য জীবন গ্রন্থটি কে রচনা করেন ?

২.১.২. 'বিদ্যোৎসাহিনী সভা' কে গঠন করেন ?

২.১.৩. সি. মার্টিন ছদ্মনাম কে গ্রহণ করেন ?

২.১.৪. 'বিবিঘর হত্যাকাণ্ড' কোথায় ঘটেছিল ?

উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :-

২.২.১. 1843 সালে দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্ম সমাজে যোগদেন।

২.২.২. গোরা উপন্যাসটি রচিত হয় সংকীর্ণ জাতীয়তাবাদ সৃষ্টি করার জন্য।

২.২.৩. নারী সত্যাগ্রহ সমিতি প্রতিষ্ঠা করেন সরলাদেবী চৌধুরাণী।

২.২.৪. 'হিন্দি' ভারতের রাষ্ট্রভাষা।

উপবিভাগ ২.৩ ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মেলাও :-

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১. Eighyeen fifty seven | ১. লর্ড রিপন |
| ২.৩.২. বঙ্গভাষা প্রকাশিকা সভা | ২. ফেলিক্স কেরি |
| ২.৩.৩. ইলবার্ট বিল | ৩. গৌরী শংকর তকবাগীশ |
| ২.৩.৪. বিদ্যাহারাবলী | ৪. সুরেন্দ্রনাথ সেন |

উপবিভাগ ২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো :-

২.৪.১. লবন সত্যাগ্রহ শুরু করার স্থান। ২.৪.২. মহাবিদ্রোহের কেন্দ্র মীরাট।

২.৪.৩. মোপালা বিদ্রোহের কেন্দ্র। ২.৪.৪. পোর্তুগীজ অধিকৃত কেন্দ্র গোয়া।

উপবিভাগ ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো ঃ-

২.৫.১. বিবৃতি ঃ- বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের অপরনাম স্বদেশী আন্দোলন --

ব্যাখ্যা - ১. এই আন্দোলনটি নিজেদের দেশে সংঘটিত হয়।

ব্যাখ্যা - ২. এই আন্দোলনে স্বদেশী দ্রব্য বর্জনের কথা বলা হয়।

ব্যাখ্যা - ৩. এই আন্দোলনে নিজেদের উদ্যোগে প্রস্তুত করা দ্রব্য ব্যবহার করার কথা বলা হয়।

২.৫.২. বিবৃতি ঃ-মীরাট ষড়যন্ত্র মামলা ব্রিটিশ সরকার শুরু করে 1929 সালে --

ব্যাখ্যা - ১. মীরাটে সেই সময় হিংসাত্মক কার্যকলাপ সংঘটিত হয়।

ব্যাখ্যা - ২. সারাদেশে সাম্যবাদী কার্যকলাপ দমন করার জন্য।

ব্যাখ্যা - ৩. ভারতবর্ষকে স্বায়ত্ত শাসন দানের জন্য।

২.৫.৩. বিবৃতি ঃ- বিপ্লবী আন্দোলনে বাংলার নারীদের যোগদান ছিল প্রসংশার যোগ্য --

ব্যাখ্যা - ১. বাংলার নারীরা যথেষ্ট রাজনৈতিক সচেতন ছিল।

ব্যাখ্যা - ২. বাংলার নারী শিক্ষায় যথেষ্ট প্রসার ঘটেছিল

ব্যাখ্যা - ৩. বাংলার নারীরা পুরুষদের সমকক্ষ হতে চেয়েছিল।

২.৫.৪. বিবৃতি ঃ-1950 সালে নেহেরু লিয়াকৎ চুক্তি স্বাক্ষরিত হয় ---

ব্যাখ্যা - ১. উদ্বাস্তু সমস্যার সমাধান করার জন্য।

ব্যাখ্যা - ২. ভারত ও পাকিস্তানের সীমানা স্থীর করার জন্য।

ব্যাখ্যা - ৩. সাম্প্রদায়িক দাঙ্গা বন্ধ করার জন্য।

## বিভাগ-গ

**৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও** (যে কোন ১১ টি) ঃ-২X১১ = ২২

৩.১. নয়া সামাজিক ইতিহাস কী ?

৩.২. সোমপ্রকাশ পত্রিকাটির প্রকাশনা কবে কেন বন্ধ হয়ে যায় ?

৩.৩. নববিধান ব্রাহ্ম সমাজ কে কবে প্রতিষ্ঠা করেন ?

৩.৪. 'কেনারাম' ও 'বেচারাম' কী ?

৩.৫. ইলবার্ট বিলের বিষয়বস্তু কী ছিল ?

৩.৬. 'বে এলাকা' চাষ কী ?

৩.৭. কলিকাতা বিশ্ববিদ্যালয়কে কেন গোলদীঘির গোলাম খানা বলা হয় ?

৩.৮. শ্রীনিকেতন প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল ?

৩.৯. সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি কী ?

৩.১০. সত্য শোধক সমাজ কবে কারা প্রতিষ্ঠা করেন ?

৩.১১. সরকারি ভাষা কমিশন কবে কার সভাপতিত্বে গঠিত হয় ?

৩.১২. স্বাধীন ভারতের তাৎক্ষনিক দুটি সমস্যার উল্লেখ কর।

৩.১৩. দলিত কাদের বলা হয় ?

৩.১৪. নরেন্দ্র মণ্ডল কী ?

৩.১৫. রশিদ আলি দিবস কী ?

৩.১৬. অপারেশন পোলো কী ?

## বিভাগ-ঘ

৪. সাত-আটটি বাক্যে যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপ বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্নের উত্তরদান আবশ্যক)ঃ- ৪ X ৬ = ২৪

উপ বিভাগ - ঘ. ১.

৪.১. খাদ্যাভ্যাসের ইতিহাস চর্চা সম্পর্কে টীকা লেখো।

৪.২. কোল বিদ্রোহের কারণ সমুহ লেখো।

উপ বিভাগ - ঘ. ২.

৪.৩. ১৮৫৭ সালের বিদ্রোহে শিক্ষিত বাঙ্গালিদের মনোভাব সম্পর্কে লেখো।

৪.৪. সর্বধর্ম সমন্বয়ের প্রতীক হিসাবে রামকৃষ্ণ দেবের ভূমিকা কী ছিল ?

উপ বিভাগ - ঘ. ৩.

৪.৫. ছাপা বই এর সঙ্গে শিক্ষা বিস্তারের সম্পর্ক বিশ্লেষণ করো।

৪.৬. বসু বিজ্ঞান মন্দির সম্পর্কে টীকা লেখো।

উপ বিভাগ - ঘ. ৪.

৪.৭. দলিত বিষয়ে গান্ধী আম্বেদকর বিতর্ক সম্পর্কে লেখো।

৪.৮. তেলেঙ্গানা আন্দোলন সম্পর্কে টীকা লেখো।

## বিভাগ-ঙ

**৫. পনেরো বা ষোলটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও** ৮ X ১ = ৮

৫.১) ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের সরকারি উদ্যোগ সম্পর্কে লেখো।

৫.২.) ১৮৫৭ সালের বিদ্রোহের চরিত্র আলোচনা করো।

৫.৩.) আসহযোগ আন্দোলন পর্বে কৃষক ও শ্রমিক আন্দোলনের বিবরণ দাও।

---

# Govt.Basic-Cum Multipurpose School, Banipur

## Test Examination - 2025

## Class - X

**Subject - History   Time - 2hrs 45 mints.   Full Marks - 90**

বিভাগ – 'ক'   ১x২০=২০

১) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ—

১.১) 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি হল — (ক) উপন্যাস (খ) কাব্যগ্রন্থ (গ) জীবনীগ্রন্থ (ঘ) আত্মজীবনী।

১.২) দাদাসাহেব ফালকে যুক্ত ছিলেন — (ক) ক্রীড়া জগতের সঙ্গে (খ) চলচ্চিত্র জগতের সঙ্গে (গ) স্থানীয় ইতিহাস চর্চার সঙ্গে (ঘ) পরিবেশের ইতিহাস চর্চার সঙ্গে।

১.৩) কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন — (ক) ডা. এম. জে. ব্রামলি (খ) ডা. এইচ. এইচ. গুডিভ (গ) ডা. এন. ওয়ালিশ (ঘ) ডা. জে. গ্রান্ট।

১.৪) প্রথম সরকারি শিক্ষা কমিশন (হান্টার কমিশন) গঠিত হয় — (ক) ১৮৭২ খ্রিস্টাব্দে (খ) ১৮৭৮ খ্রিস্টাব্দে (গ) ১৮৮২ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৯০ খ্রিস্টাব্দে।

১.৫) রামমোহন রায় এর পরবর্তীকালে ব্রাহ্মসমাজ পরিচালনা করেন — (ক) অক্ষয় কুমার দত্ত (খ) দেবেন্দ্রনাথ ঠাকুর (গ) রামচন্দ্র বিদ্যাবাগীশ (ঘ) তারাচাঁদ চক্রবর্তী।

১.৬) হুল কথাটির অর্থ হল — (ক) স্বাধীনতা (খ) ঈশ্বর (গ) বিদ্রোহ (ঘ) অস্ত্র।

১.৭) সন্ন্যাসী - ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন — (ক) রানি কর্ণাবতী (খ) রানি শিরোমণি (গ) দেবী চৌধুরানি (ঘ) রানি দুর্গাবতী।

১.৮) 'বন্দেমাতরম' সংগীতটি রচনা করেন — (ক) সত্যেন্দ্রনাথ ঠাকুর (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) স্বামী বিবেকানন্দ।

১.৯) হিন্দুমেলার সম্পাদক ছিলেন — (ক) গুণেন্দ্রনাথ ঠাকুর (খ) রাজনারায়ণ বসু (গ) গগনেন্দ্রনাথ ঠাকুর (ঘ) নবগোপাল মিত্র।

১.১০) মহাবিদ্রোহকে (১৮৫৭ খ্রিঃ) যে ব্রিটিশ লেখক 'সিপাহি বিদ্রোহ' আখ্যা দিয়েছেন — (ক) নর্টন (খ) চার্লস রেকস্ (গ) ম্যালেসন (ঘ) ডিসরেলি।

১.১১) ভারতে 'হাফটোন' প্রিন্টিং পদ্ধতি প্রবর্তন করেন — (ক) সুকুমার রায় (খ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (গ) পঞ্চানন কর্মকার (ঘ) চার্লস উইলকিনস।

১.১২) 'বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ' প্রতিষ্ঠিত হয়েছিল — (ক) ১৮৩৩ খ্রিস্টাব্দে (খ) ১৮৮০ খ্রিস্টাব্দে (গ) ১৮৫৬ খ্রিস্টাব্দে (ঘ) ১৯০৩ খ্রিস্টাব্দে।

১.১৩) তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রধান ছিলেন — (ক) সূর্য সেন (খ) বাঘাযতীন (গ) সতীশচন্দ্র সামন্ত (ঘ) বীরেন্দ্রনাথ শাসমল।

১.১৪) কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়েছিল — (ক) কলকাতায় (খ) দিল্লিতে (গ) বোম্বাইতে (ঘ) মাদ্রাজে।

১.১৫) 'মিরাট ষড়যন্ত্র মামলা' (১৯২৯ খ্রিঃ) হয়েছিল — (ক) জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে (খ) বিপ্লবীদের বিরুদ্ধে (গ) শ্রমিক নেতাদের বিরুদ্ধে (ঘ) কৃষক নেতাদের বিরুদ্ধে।

১.১৬) ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল — (ক) মাদ্রাজে (খ) মালাবারে (গ) মহারাষ্ট্রে (ঘ) গোদাবরী উপত্যকায়।

১.১৭) সত্যশোধক সমাজ গঠন করেন — (ক) জ্যোতিরাও ফুলে (খ) বীরেশলিঙ্গম পান্তলু (গ) রানাডে (ঘ) গোপাল-হরি দেশমুখ।

১.১৮) অনুশীলন সমিতি (১৯০২ খ্রিঃ) প্রতিষ্ঠা করেন — (ক) শচীন্দ্রপ্রসাদ বসু (খ) বাদল গুপ্ত (গ) সতীশচন্দ্র বসু (ঘ) নারায়ণ গঙ্গোপাধ্যায়।

১.১৯) স্বাধীন ভারতে গঠিত প্রথম ভাষা ভিত্তিক রাজ্য হল — (ক) পশ্চিমবঙ্গ (খ) গুজরাট (গ) অন্ধ্রপ্রদেশ (ঘ) কর্ণাটক।

১.২০) 'Train to Pakistan' গ্রন্থটি লিখেছেন — (ক) জওহরলাল নেহেরু (খ) খুশবন্ত সিং (গ) ভি. পি. মেনন (ঘ) সলমন রুশদি।

## বিভাগ – 'খ'

২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে, মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও) ঃ— ১x১৬=১৬

### উপবিভাগ ঃ ২.১

ঠিক বা ভুল নির্ণয় করো ঃ— ১x৪=৪

২.১.১) বিপিনচন্দ্র পালের জীবনীগ্রন্থের নাম 'সত্তর বৎসর'।

২.১.২) চিপকো আন্দোলনে নেতৃত্ব দেন সুন্দরলাল বহুগুনা।

২.১.৩) বিদ্যোৎসাহিনী সভা প্রতিষ্ঠা করেন দীনবন্ধু মিত্র।

২.১.৪) "শব্দকল্পদ্রুম" নামক সংস্কৃত অভিধানের রচয়িতা রাজা রাধাকান্ত দেব।

### উপবিভাগ ঃ ২.২

একটি বাক্যে উত্তর দাও ঃ— ১x৪=৪

২.২.১) গ্রামবার্তা পত্রিকাটি কোথা থেকে প্রকাশিত হয়?

২.২.২) 'খুৎকাঠি' প্রথা কী?

২.২.৩) মুন্ডাদের কাছে 'ভগবান' রূপে আখ্যায়িত হন কে?

২.২.৪) ভারতে প্রথম কে ওয়াহাবি আন্দোলনে নেতৃত্ব দেন?

## উপবিভাগ ঃ ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও ঃ— ১x৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১) নবগোপাল মিত্র | ১. 'এ নেশন ইন মেকিং' গ্রন্থের লেখক |
| ২.৩.২) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় | ২. ব্যাঙ্গচিত্র শিল্পী |
| ২.৩.৩) গগনেন্দ্রনাথ ঠাকুর | ৩. দিগ্‌দর্শন এর সম্পাদক। |
| ২.৩.৪) জন ক্লার্ক মার্শম্যান | ৪. চৈত্র মেলা। |

## উপবিভাগ ঃ ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করোঃ— ১x৪=৪

২.৪.১) গোয়া

২.৪.২) অমৃতসর

২.৪.৩) কানপুর

২.৪.৪) আমেদাবাদ

## উপবিভাগ ঃ ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো ঃ— ১x৪=৪

২.৫.১) বিবৃতি ঃ সরলাদেবী চৌধুরানি 'লক্ষ্মীর ভান্ডার' প্রতিষ্ঠা করেছিলেন। —

ব্যাখ্যা ১: বিদেশী পন্য বিক্রির জন্য।

ব্যাখ্যা ২: আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য।

ব্যাখ্যা ৩: স্বদেশী পন্য বিক্রির জন্য।

২.৫.২) বিবৃতি ঃ সরকার ১৯০৫ খ্রিস্টাব্দে কার্লাইল সার্কুলার ঘোষনা করে। —

ব্যাখ্যা ১: সরকারের উদ্দেশ্য ছিল কৃষক আন্দোলন দমন করা।

ব্যাখ্যা ২: সরকারের উদ্দেশ্য ছিল ছাত্র আন্দোলন দমন করা।

ব্যাখ্যা৩: সরকারের উদ্দেশ্য ছিল নারী আন্দোলন দমন করা।

২.৫.৩) বিবৃতি ঃ ১৯৪৬ খ্রিস্টাব্দের ১২ ফেব্রুয়ারি দিনটি রশিদ আলি দিবস রূপে পালিত হয় —

ব্যাখ্যা ১: রশিদ আলি ছিলেন ভারত ছাড়ো আন্দোলনের জনৈক শহিদ।

ব্যাখ্যা ২: রশিদ আলি ছিলেন একজন জনপ্রিয় ছাত্রনেতা।

ব্যাখ্যা ৩: রশিদ আলি ছিলেন আজাদ হিন্দ বাহিনীর একজন ক্যাপটেন।

২.৫.৪) বিবৃতি ঃ ১৯৪৮ খ্রিস্টাব্দে দর কমিশন ভাষাভিত্তিক রাজ্য গঠনের বিরোধিতা করে।

ব্যাখ্যা ১: এর ফলে আঞ্চলিকতাবাদ প্রসারিত হত।

ব্যাখ্যা ২: যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হত।

ব্যাখ্যা ৩: জাতীয় ঐক্য বিনষ্ট হত।

## বিভাগ – 'গ'

৩) দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ–(যে কোনো ১১টি) ২×১১=২২

৩.১) সংবাদপত্র ও সাময়িকপত্রের মধ্যে পার্থক্য কী?
৩.২) নিম্নবর্গের ইতিহাস চর্চা বলতে কী বোঝ?
৩.৩) মধুসূদন গুপ্ত স্মরনীয় কেন?
৩.৪) উডের ডেসপ্যাচ কী?
৩.৫) তিতুমীর স্মরনীয় কেন?
৩.৬) নীল বিদ্রোহে হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের ভূমিকা কীরূপ ছিল?
৩.৭) ভারতসভা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?
৩.৮) শিক্ষিত বাঙালি সমাজের একটি অংশ কেন মহাবিদ্রোহের (১৮৫৭ খ্রিঃ) বিরোধীতা করেছিল?
৩.৯) জাতীয় শিক্ষা পরিষদ কেন প্রতিষ্ঠিত হয়?
৩.১০) তারকনাথ পালিত স্মরনীয় কেন?
৩.১১) কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?
৩.১২) মাদারি পাসি কে ছিলেন?
৩.১৩) দলিত কাদের বলা হয়?
৩.১৪) পুনা চুক্তি কী?
৩.১৫) ১৯৫০ খ্রিস্টাব্দে কেন নেহেরু - লিয়াকৎ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?
৩.১৬) অপারেশান পোলো কী?

## বিভাগ – 'ঘ'

৪) সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৪×৬=২৪

### উপবিভাগ ঃ ঘ.১

৪.১) বাংলার সমাজ সংস্কার আন্দোলনে নব্যবঙ্গ দলের ভূমিকা বিশ্লেষণ করো।
৪.২) ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের প্রভাব আলোচনা করো।

### উপবিভাগ ঃ ঘ.২

৪.৩) মহাবিদ্রোহের প্রতি শিক্ষিত বাঙালি সমাজের মনোভাব কীরূপ ছিল?
৪.৪) টীকা লেখো ঃ ইলবার্ট বিল বিতর্ক।

### উপবিভাগ ঃ ঘ.৩

৪.৫) বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের সময়ে শ্রমিক শ্রেণির ভূমিকা কীরূপ ছিল?
৪.৬) টীকা লেখো ঃ সর্বভারতীয় কিষানসভা (১৯৩৬ খ্রিঃ)।

### উপবিভাগ ঃ ঘ.৪

৪.৭) হায়দরাবাদ রাজ্যটি কীভাবে ভারতভূক্ত হয়েছিল?
৪.৮) টীকা লেখো ঃ উদ্‌বাস্তু সমস্যা সমাধানের উদ্যোগ ও বিতর্ক।

## বিভাগ – 'ঙ'

৫) পনেরো বা ষোলটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ১×৫=৫

৫.১) উনিশ শতকের বাংলার সমাজ সংস্কার আন্দোলনে ব্রাহ্মসমাজগুলি কীরূপ ছিল?
৫.২) ভারত ছাড়ো আন্দোলনে শ্রমিকদের ভূমিকা বিশ্লেষণ করো।
৫.৩) বাংলার ছাপাখানার ব্যবসায়িক উদ্যোগ সমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

# HARE SCHOOL

**M.P. Selection Test–2025**

**Class–X**

**Subject–HISTORY**

**Full Marks–90** **Time–3 Hours 15 minutes**

[ 'ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক। অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। ]

## বিভাগ-ক

**১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :** **১×২০=২০**

১.১ সরলাদেবী চৌধুরানির আত্মজীবনী 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি ধারাবাহিকভাবে প্রথম প্রকাশিত হয়—

(ক) দেশ (খ) প্রবাসী

(গ) সোমপ্রকাশ (ঘ) বঙ্গদর্শন পত্রিকায়

১.২ 'বিশ্ব পরিবেশ দিবস' পালিত হয়—

(ক) ৮ মার্চ (খ) ৫ জুন

(গ) ৫ আগস্ট (ঘ) ৮ সেপ্টেম্বর

১.৩ ভারতে প্রকাশিত প্রথম সংবাদপত্র ছিল—

(ক) দিগদর্শন (খ) সমাচার দর্পণ

(গ) সংবাদ প্রভাকর (ঘ) বেঙ্গল গেজেট

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম গ্র্যাজুয়েট বা স্নাতক ছিলেন—

(ক) স্যার আশুতোষ মুখোপাধ্যায় (খ) যদুনাথ সরকার

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) আনন্দমোহন বসু

১.৫ 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন—

(ক) হরিশচন্দ্র মুখোপাধ্যায় (খ) গিরিশচন্দ্র ঘোষ

(গ) হারানচন্দ্র মুখোপাধ্যায় (ঘ) শম্ভুনাথ মল্লিক

১.৬ কোম্পানির শাসনের বিরুদ্ধে প্রথম কৃষক বিদ্রোহ ছিল—

(ক) রংপুর বিদ্রোহ (খ) পাবনা বিদ্রোহ

(গ) নীল বিদ্রোহ (ঘ) সন্ন্যাসী ফকির বিদ্রোহ

১.৭ নীল বিদ্রোহের প্রথম শহিদ ছিলেন—

(ক) বৈদ্যনাথ সর্দার (খ) মেঘাই সর্দার

(গ) বিশ্বনাথ সর্দার (ঘ) রামরতন মল্লিক

১.৮ ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহকে 'সামন্তশ্রেণির বিদ্রোহ' বলে উল্লেখ করেছেন—

(ক) কিশোরীচাঁদ মিত্র (খ) শশীভূষণ চৌধুরী

(গ) রণজিৎ গুহ (ঘ) রজনিপাম দত্ত

১.৯ জমিদার সভার প্রথম সম্পাদক ছিলেন—

(ক) দ্বারকানাথ ঠাকুর (খ) প্রসন্নকুমার ঠাকুর

(গ) রাধাকান্ত দেব (ঘ) গৌরীশঙ্কর ভট্টাচার্য

১.১০ হিন্দু মেলা মোট ___________ বার অনুষ্ঠিত হয়।

(ক) ১২ বার (খ) ১৩ বার

(গ) ১৪ বার (ঘ) ১৫ বার

১.১১ পূর্ববঙ্গে প্রথম ছাপাখানা গড়ে ওঠে—

(ক) রংপুরে (খ) ঢাকায়

(গ) কুমারখালিতে (ঘ) রাজশাহিতে

১.১২ ইউ এন রায় অ্যান্ড সন্স থেকে প্রকাশিত উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর প্রথম গ্রন্থটি হল—

(ক) ছেলেদের রামায়ণ (খ) ছেলেদের মহাভারত

(গ) টুনটুনির বই (ঘ) সেকালের কথা

১.১৩ সারা ভারত কিষাণ সভা প্রতিষ্ঠিত হয়—

(ক) ১৯৩৪ খ্রিস্টাব্দে (খ) ১৯৩৬ খ্রিস্টাব্দে

(গ) ১৯৩৮ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৩৯ খ্রিস্টাব্দে

১.১৪ 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস' (১৯২০ খ্রিঃ) প্রতিষ্ঠিত হয়—

(ক) বোম্বাইয়ে (খ) লক্ষ্ণৌতে

(গ) এলাহাবাদে (ঘ) মাদ্রাজে

১.১৫ 'শের-ই-বাংলা' বা 'শের-ই-বংগাল' নামে পরিচিত ছিলেন—

(ক) বীরেন্দ্রনাথ শাসমল (খ) সতীশচন্দ্র সামন্ত

(গ) ফজলুল হক (ঘ) মজহরউল হক

১.১৬ লাহোর ষড়যন্ত্র মামলায় অন্যতম অভিযুক্ত ছিলেন—

(ক) শুকদেব (খ) রামপ্রসাদ বিসমিল

(গ) আসফাকুল্লা খান (ঘ) শচীন্দ্রনাথ সান্যাল

১.১৭ 'নারী কর্মমন্দির'-এর প্রতিষ্ঠাতা ছিলেন—

(ক) বাসন্তী দেবী (খ) উর্মিলা দেবী

(গ) সুনীতি দেবী (ঘ) সরলাদেবী

১.১৮ ভারতে দলিত আন্দোলনের অন্যতম নেতা ভীমরাও রামজি আম্বেদকর ছিলেন ______ সম্প্রদায়ভুক্ত।

(ক) মতুয়া (খ) এজাভা

(গ) মাহার (ঘ) পুলায়া

১.১৯ 'সরকারি ভাষা কমিশন' (১৯৫৫ খ্রিঃ)-এর নেতৃত্বে ছিলেন—

(ক) ফজল আলি (খ) বি জে খের

(গ) এস কে দার (ঘ) বল্লভভাই প্যাটেল

১.২০ গোয়া ভারতের অন্তর্ভুক্ত হয়—

(ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে (খ) ১৯৫১ খ্রিস্টাব্দে

(গ) ১৯৫৬ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৬১ খ্রিস্টাব্দে

## বিভাগ-খ

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও।) ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

● **একটি বাক্যে উত্তর দাও :** ১×৪=৪

২.১.১ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?

২.১.২ কত খ্রিস্টাব্দে 'তিন আইন' পাস হয়েছিল?

২.১.৩ কে ভারতে ফরাজি আন্দোলনের সূচনা করেন?

২.১.৪ সিপাহি বিদ্রোহের প্রথম শহিদ কে ছিলেন?

### উপবিভাগ : ২.২

● **ঠিক বা ভুল নির্ণয় করো :** ১×৪=৪

২.২.১ অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন ছিল ভারতের প্রথম ছাত্র সংগঠন।

২.২.২ প্রসন্নকুমার ঠাকুর সর্বপ্রথম 'জাতীয় শিক্ষা' কথাটি ব্যবহার করেন।

২.২.৩ 'কোচবিহারের ইতিহাস' গ্রন্থটি রচনা করেন ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়।

২.২.৪ ভারতে গড়ে ওঠা প্রথম শ্রমিক সংগঠন হল 'অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস।'

## উপবিভাগ : ২.৩

● 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : ১×৪=৪

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ ভারত স্ত্রী মহামণ্ডল | (১) উর্মিলা দেবী |
| ২.৩.২ নারী কর্মমন্দির | (২) কল্যাণী দাস |
| ২.৩.৩ সখী সমিতি | (৩) সরলাদেবী চৌধুরানী |
| ২.৩.৪ ছাত্র সংঘ | (৪) স্বর্ণকুমারী দেবী |

## উপবিভাগ : ২.৪

● প্রদত্ত ভারতবর্ষের রেখা-মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো : ১×৪=৪

২.৪.১ নীল বিদ্রোহের কেন্দ্র রাজধানী।

২.৪.২ মহাবিদ্রোহের একটি কেন্দ্র বেরিলি।

২.৪.৩ দেশীয় রাজ্য জুনাগড়।

২.৪.৪ ভাষাভিত্তিক প্রথম রাজ্য অন্ধ্রপ্রদেশ।

## উপবিভাগ : ২.৫

● নিম্নলিখিত বিবৃতিগুলোর সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো : ১×৪=৪

২.৫.১ বিবৃতি : নীল বিদ্রোহে বাঙালি বুদ্ধিজীবিদের প্রশংসনীয় ভূমিকা ছিল।

ব্যাখ্যা-১ : তাঁরা নীলচাষিদের সংগঠিত করেন।

ব্যাখ্যা-২ : তাঁরা নীল বিদ্রোহের নেতৃত্ব দেন।

ব্যাখ্যা-৩ : তাঁরা বিদ্রোহীদের সমর্থনে কলম ধরেন।

২.৫.২ বিবৃতি : রবীন্দ্রনাথ ঠাকুর ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার ঘোর বিরোধী ছিলেন।

ব্যাখ্যা-১ : এই শিক্ষার সুযোগ মূলত সমাজের উচ্চবিত্ত ও মধ্যবিত্তদের মধ্যে সীমাবদ্ধ ছিল।

ব্যাখ্যা-২ : শিক্ষার্থীর জীবন ও পারিপার্শ্বিকতার সঙ্গে এই শিক্ষাব্যবস্থার কোনো যোগ ছিল না।

ব্যাখ্যা-৩ : এই শিক্ষাব্যবস্থা ছিল অত্যন্ত ব্যয়বহুল।

২.৫.৩ বিবৃতি : স্বদেশি আন্দোলন বাংলার কৃষকদের মধ্যে সাড়া জাগাতে ব্যর্থ হয়েছিল।

ব্যাখ্যা-১ : স্বদেশি আন্দোলনের কর্মসূচীর মধ্যে কৃষকদের সমস্যাকে অন্তর্ভুক্ত করা হয়নি।

ব্যাখ্যা-২ : স্বদেশির প্রকৃত অর্থ কৃষকদের কাছে দুর্বোধ্য ছিল।

ব্যাখ্যা-৩ : বিদেশি পণ্যের তুলনায় দেশীয় জিনিসপত্রের দাম অনেক বেশি ছিল।

২.৫.৪ বিবৃতি : লর্ড কার্জন বঙ্গভঙ্গকে ১৯০৫ খ্রিস্টাব্দে দ্বিখণ্ডিত করেছিলেন।

ব্যাখ্যা-১ : নিজেদের প্রশাসনিক প্রয়োজনে।

ব্যাখ্যা-২ : ব্রিটিশ-বিরোধী আন্দোলনকে দুর্বল করার জন্য।

ব্যাখ্যা-৩ : অর্থনৈতিক প্রয়োজন মেটাতে।

## বিভাগ-গ

৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোনো ১১টি)

২×১১=২২

৩.১ ইতিহাসের উপাদান হিসেবে সংবাদপত্র কী কী কারণে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে?

৩.২ ইন্দিরা গান্ধিকে লেখা জওহরলাল নেহরু-এর চিঠিগুলির গুরুত্ব কী?

৩.৩ ১৮৫৭-র বিদ্রোহকে 'জাতীয় বিদ্রোহ' বলা হয় কেন?

৩.৪ রানি লক্ষ্মীবাঈ স্মরণীয় কেন?

৩.৫ 'দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সি' কেন গঠন করা হয়েছিল?

৩.৬ নীল বিদ্রোহকে ধর্মনিরপেক্ষ বিদ্রোহ বলা হয় কেন?

৩.৭ উনিশ শতকে বাংলায় পাশ্চাত্য শিক্ষার বিস্তারে ডেভিড হেয়ারের কী ভূমিকা ছিল?

৩.৮ ইয়ংবেঙ্গল আন্দোলন ব্যর্থ হয় কেন?

৩.৯ 'বিদ্যাসাগর সাট' কী?

৩.১০ 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স' প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৩.১১ ভারতের পক্ষে হায়দ্রাবাদের স্বাধীন অস্তিত্ব মেনে নেওয়া সম্ভব ছিল না কেন?

৩.১২ 'রাজ্য পুনর্গঠন কমিশন' কেন গঠিত হয়েছিল?

৩.১৩ দলিত কাদের বলা হয়?

৩.১৪ বীণা দাস স্মরণীয় কেন?

৩.১৫ কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?

৩.১৬ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে পূর্ববঙ্গের মুসলিম কৃষকদের যোগদানের ব্যাপারে অনাগ্রহের কারণ কী ছিল?

## বিভাগ-ঘ

৪। সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে।) ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ আধুনিক ভারতের ইতিহাস চর্চার ক্ষেত্রে সরকারি নথিপত্রের গুরুত্ব কী?

৪.২ ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রসারে খ্রিস্টান মিশনারিদের ভূমিকা আলোচনা করো।

### উপবিভাগ : ঘ.২

৪.৩ ১৮৫৯-৬০ খ্রিস্টাব্দে বাংলার নীল চাষিরা কেন বিদ্রোহ ঘোষণা করেছিল?

৪.৪ গগনেন্দ্রনাথ ঠাকুরের ব্যঙ্গচিত্রে ঔপনিবেশিক সমাজের সমালোচনার দিকটি কীভাবে ফুটে উঠেছে?

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ বিজ্ঞানচর্চায় বসু বিজ্ঞান মন্দিরের ভূমিকা আলোচনা করো।

৪.৬ ভারতে বামপন্থী আন্দোলনের বিকাশে মানবেন্দ্রনাথ রায়ের ভূমিকা আলোচনা করো।

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে সূর্য সেনের কী ভূমিকা ছিল?

৪.৮ দলিত আন্দোলন বিষয়ে গান্ধি-আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখো।

## বিভাগ-ঙ

৫। পনেরো বা ষোলটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকে বাংলায় ধর্ম-সংস্কার আন্দোলনে রামকৃষ্ণদেবের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

৫.২ বাংলায় কারিগরি শিক্ষার বিকাশের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫.৩ প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী ভারতে শ্রমিক আন্দোলন কেন গতিশীল হয়ে ওঠে? ভারতে উপনিবেশ বিরোধী আন্দোলনে বামপন্থীদের ভূমিকা আলোচনা করো। ৩+৫

# HINDU SCHOOL

**Test Examination–2025**

**Class–X**

**Subject–HISTORY**

**Full Marks–90** **Time–3 Hours**

---

## বিভাগ-ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ 'Science, Technology and Medicine in Colonial India' গ্রন্থটি লিখেছিলেন—

(ক) ডেভিড আর্নল্ড (খ) জে. ডি. বার্নাল

(গ) রিচার্ড গ্রোভ (ঘ) আর্লফ্রেড ক্রসবি

১.২ বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়—

(ক) ৫ জুন (খ) ৪ মার্চ

(গ) ৪ এপ্রিল (ঘ) ৮ জানুয়ারি

১.৩ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন—

(ক) রানি কর্ণাবতী (খ) রানি শিরোমণি

(গ) দেবী চৌধুরানী (ঘ) রানি দুর্গাবতী

১.৪ মহারানি ভিক্টোরিয়া 'ভারত সম্রাজ্ঞী' উপাধি পান—

(ক) ১৮৫৮ খ্রিস্টাব্দে (খ) ১৮৬৫ খ্রিস্টাব্দে

(গ) ১৮৪৫ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৪৪ খ্রিস্টাব্দে

১.৫ গ্রামবার্ত্তা প্রকাশিকার সম্পাদক কাঙাল হরিনাথের প্রকৃত নাম—

(ক) হরিশ্চন্দ্র মজুমদার (খ) হরিনাথ মজুমদার

(গ) হরিপ্রসাদ মজুমদার (ঘ) হরিনাথ দাস

১.৬ ভারতসভার কার্যক্রমে যুক্ত ছিলেন—

(ক) কেশবচন্দ্র সেন (খ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(গ) হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর

১.৭ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য ছিলেন—

(ক) স্যার রমেশচন্দ্র মিত্র

(খ) স্যার আশুতোষ মুখোপাধ্যায়

(গ) স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়

(ঘ) স্যার জেমস উইলিয়াম কোলভিল

১.৮ 'যত মত তত পথ' বলতে শ্রীরামকৃষ্ণদেব বোঝাতে চেয়েছেন—

(ক) নব্য বেদান্তবাদের আদর্শ (খ) সর্বধর্মসমন্বয়ের আদর্শ

(গ) পৌত্তলিকতার আদর্শ (ঘ) নবজাগরণের আদর্শ

১.৯ ভারতের প্রথম উপপ্রধানমন্ত্রী ছিলেন—

(ক) রাধাকৃষ্ণাণ (খ) রাজেন্দ্রপ্রসাদ

(গ) জওহরলাল নেহরু (ঘ) বল্লভভাই প্যাটেল

১.১০ ১৮৪৮ খ্রিস্টাব্দের অরণ্য আইনে অরণ্যকে ভাগ করা হয়—

(ক) দুটি স্তরে (খ) তিনটি স্তরে

(গ) চারটি স্তরে (ঘ) পাঁচটি স্তরে

১.১১ বসুবিজ্ঞানমন্দিরের প্রতিষ্ঠাতা জগদীশচন্দ্র বসু অধ্যাপক ছিলেন—

(ক) গণিতশাস্ত্রের (খ) রসায়নশাস্ত্রের

(গ) পদার্থবিদ্যার (ঘ) জীববিদ্যার

১.১২ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল—

(ক) ভারতসভা (খ) বঙ্গভাষা প্রকাশিকা সভা

(গ) ল্যান্ডহোল্ডার্স সোসাইটি (ঘ) ভারতের জাতীয় কংগ্রেস

১.১৩ ভারতে সর্বপ্রথম ছাপাখানা গড়ে তোলে—

(ক) ব্রিটিশরা (খ) ফরাসিরা

(গ) পোর্তুগিজরা (ঘ) জার্মানরা

১.১৪ বাংলার গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে হত্যা করার চেষ্টা করেন—

(ক) বীণা দাস (খ) কল্পনা দত্ত

(গ) প্রীতিলতা ওয়াদ্দেদার (ঘ) সুনীতি চৌধুরী

১.১৫ রম্পা উপজাতির বিদ্রোহের নেতৃত্ব দেন—

(ক) বাবা রামচন্দ্র (খ) মাদারি পাসি

(গ) স্বামী বিদ্যানন্দ (ঘ) আল্লুরি সীতারাম রাজু

১.১৬ 'বন্দেমাতরম্' সংগীতে প্রথম সুর দেন—

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) যদুভট্ট (ঘ) মধুসূদন দত্ত

১.১৭ সর্বভারতীয় কিষাণসভার প্রথম সভাপতি ছিলেন—

(ক) এন জি রঙ্গ (খ) বাবা রামচন্দ্র

(গ) ফজলুল হক (ঘ) স্বামী সহজানন্দ

১.১৮ ভারতে বামপন্থী আন্দোলনের জনক ছিলেন—

(ক) লালা লাজপত রায় (খ) রাসবিহারী বসু

(গ) জয়প্রকাশ নারায়ণ (ঘ) মানবেন্দ্রনাথ রায়

১.১৯ 'Eighteen Fifty Seven' নামক গ্রন্থটির রচয়িতা হলেন—

(ক) রমেশচন্দ্র মজুমদার (খ) সুরেন্দ্রনাথ সেন

(গ) আনন্দমোহন বসু (ঘ) শিবনাথ শাস্ত্রী

১.২০ ভারতীয় সেনার হায়দরাবাদ অভিযান হল—

(ক) অপারেশন বিজয় (খ) অপারেশন সূর্য

(গ) অপারেশন সিংহ (ঘ) অপারেশন পোলো

## বিভাগ-খ

**২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও) ১×১৬=১৬**

- **উপবিভাগ ২.১ : একটি বাক্যে উত্তর দাও :**

২.১.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

২.১.২ 'গোরা' উপন্যাসটি কে রচনা করেন?

২.১.৩ একা আন্দোলন কোথায় শুরু হয়েছিল?

২.১.৪ সাম্প্রদায়িক বাঁটোয়ারা কে ঘোষণা করেন?

- **উপবিভাগ ২.২ : ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ 'নদীয়া কাহিনী' শহরের ইতিহাসের অন্তর্গত।

২.২.২ ড. অনিল শীল আঠারো শতককে 'সভাসমিতির যুগ' বলে অভিহিত করেন।

২.২.৩ ১৯৪২ খ্রিস্টাব্দে রাসবিহারী বসু সিঙ্গাপুরে আজাদ হিন্দ ফৌজ গঠন করেন।

২.২.৪ 'দিকু' শব্দের অর্থ বহিরাগত।

- **উপবিভাগ ২.৩ : 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| ২.৩.১ লর্ড রিপন | (১) রবীন্দ্রনাথ ঠাকুর |
| ২.৩.২ বীরেন্দ্রনাথ শাসমল | (২) ১৯২৯ খ্রিস্টাব্দ |
| ২.৩.৩ জীবনস্মৃতি | (৩) অসহযোগ আন্দোলন |
| ২.৩.৪ মিরাট ষড়যন্ত্র মামলা | (৪) হান্টার কমিশন |

● **উপবিভাগ ২.৪ : প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

২.৪.১ ফরাজি আন্দোলনের কেন্দ্র

২.৪.২ দেশীয় রাজ্য হায়দরাবাদ

২.৪.৩ ১৯০৪ খ্রিস্টাব্দের কংগ্রেস অধিবেশনের কেন্দ্র—সুরাট।

২.৪.৪ সাঁওতাল বিদ্রোহের কেন্দ্র রাজমহল পার্বত্য অঞ্চল।

● **উপবিভাগ ২.৫ : নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ **বিবৃতি** : উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত।

**ব্যাখ্যা ১** : কারণ শুধুমাত্র গ্রামবাংলায় নবজাগরণ হয়েছিল।

